

চরিতাবলী

এই শ্বরচন্দ্রবিদ্যাসাগরসঙ্কলিত।

চতুদ্ধ সংকরণ।

কলিকাতা

সংকৃত^হয়। সংৰৎ ১৯২**৫**।

বিজ্ঞাপন

সংক্রেপে ও সরল ভাষায় কডকপ্রলি মহানুভাবের বৃহান্ত সন্ধানিত হইল। যে সকল অংশ পাঠ করিলে, বালকদিগের লেথা পড়ায় অনুরাগ জালিতে ও উৎসাহবৃদ্ধি হইতে পারে, এই পুস্তুকে সেই সেই অংশমাত্র সন্ধানিত হইয়াছে। সমগ্র বৃহান্ত লিখিতে গোলে, এরপ অনেক বিষয় মধ্যে মধ্যে নিবেশিত হইত যে তৎসমুদার এতদ্দেশীয় বালকদিগের অনায়াদে বোধগম্য হইত না, এবং ব্যাখ্যা করিয়া বালকদিগের বোধগম্য করিয়া দেওরা শিক্ষক মহাশয়দিগের পক্ষেও নিভান্ত সহজ্ঞ হইত না।

বালকদিনের নিমিত্ত পুস্তক লিখিতে প্রবৃত্ত হইয়া, যেরূপ যক্তন ও পরিশ্রম করা উচিত, নিভান্ত অনবকাশ ও শারীরিক অসুস্থতা বশতঃ, আমি সেরূপ করিতে পারি নাই। সুতরাং এই পুস্তুকে অনেক অংশে অনেক দোষ ও ন্যুনতা লক্ষিত ছইবেক। বারান্তরে মুদুত করণ কালে দেই সকল দোষের ও ন্যুনভার পরিহারে সাধ্যানুসারে যক্তন করিব।

এরিশরচন্দ্রশর্মা

কলিকাতা। সংস্কৃত কালেজ। ১লা শ্রাবণ। সংবং ১৯১৩।

সূচী —

										পৃষ্ঠ
ডুবাল										۵
উ र्गे निवय	রম্ভে	1								२२
शैन	٠.									રહ
জিরোম র	ঊ ন	•••								99
হ ণ্টর										82
সিম্স ন										84
डे हे लिग्न्य	र हेन	•••		•••				•••		49
ওগিলবি										51
लीकन		•••	•							99
ভে ছিল										৮২
উইলিয়ম	গিফে	ার্ড								>>
উইক্লিন	ન			•••		•••				১০৬
উইলিয়ম	পৰে	लम	•••							202
এডিয়ন	•••		•••		•••			•••	•••	>> <
প্রিডো	•••	•••		•••			•••			228
ডাকুর এ	ভাষ	•••		•••	•••		•••	•••	•••	>>6
लयतमक	•••	•••		•••		•	•••	•••	•••	229
মেডক্স	***	***	•••	•••		•••	•••	,, ,		১ २०
ल क्ष्मियल	ন্স	***	•••	•••		•••	•••			>
বেম্স	=	•••	***	•••	***	•••	•••			३२६

চরিতাবলী

ডুবাল

ক্রাম্স দেশের অন্তঃপাতী আর্টনি এামে তুবালের জন্ম হয়। তুবালের পিতা অতি দুঃখী ছিলেন, সামান্যরূপ কৃষিকর্ম অবলয়ন করিয়া, সংসারনির্বাহ করিতেন। তুবালের দশ বৎসর বয়স, এমন সময়ে তাঁহার পিতা মাতার স্ত্যু হইল। তুবাল অত্যন্ত দুঃখে পড়িলেন। দুঃখে পড়িয়া, তিনি এক কৃষকের গৃহে রাখালী কর্মে নিযুক্ত হইলেন। কিন্তু সামান্য দোষে কৃষক, কিছু দিন পরেই, তাঁহাকে দূর করিয়া দিল।

ভুবাল, নিরুপায় হইয়া, দেশত্যাগ করিয়া, লোরেন চলিলেন। পথে বসন্ত রোগ হইল। এক ক্রষক তাঁহাকে আপন বাটীতে লইরা গেল, এবং চিকিৎসা করিয়া, পথ্য দিয়া, তাঁহার প্রাণরক্ষা করিল। ক্রষক দয়া করিয়া আপন বাটীতে লইয়া না গেলে, হয় ত, এই রোগেই ডুবালের স্তুয় হইত।

কিছু দিন পরে, ছুবাল এক মেষব্যবসায়ীর আলয়ে রাখাল নিযুক্ত হইলেন। এই
সময়ে, এক দিন, তিনি কোন বালকের হস্তে
একধানি পুস্তক দেখিলেন। ঐ পুস্তকে
নানাবিধ পশু পক্ষীর ছবি ছিল। এ পর্যন্ত
ছুবালের লেখাপড়া আরম্ভ হয় নাই; স্কুতরাং
ঐ পুস্তক পড়িতে পারিলেন না; কিন্ত ইহা
রুঝিতে পারিলেন, পুস্তকে যে সকল পশু
পক্ষীর ছবি আছে, তাহাদেরই রুভাত্ত লিখিত
হইয়াছে।

ঐ সমস্ত পশু পক্ষীর কথা কিরুপ লেখা আছে জানিবার নিমিত্ত তাঁহার অত্যন্ত কৈ তূহল জন্মিল। তিনি সেই বালককে কহিলেন, তাই! এই পুস্তকে পশু পক্ষীর কথা কিলেখা আছে, আমায় পড়িয়া শুনাও।

মে শুনাইল না। ডুবাল বারংবার অন্তরোধ করিতে লাগিলেন; কিন্তু সেই দুষ্ট বালক কিছুতেই সন্মত হইল না।

জুবাল অত্যন্ত দুঃধিত হইলেন এবং মনে মনে প্রতিজ্ঞা করিলেন, যেরপে পারি, লেখা পড়া শিথিতে ইচ্ছা হইল বটে, কিন্তু শিথিবার কোন স্থযোগ হয় না। তিনি, কার কাছে যাইবেন, কে শিখাইবে, কিছুই স্থির করিতে পারেন না। সমবয়য়্ব বালকদিগের নিকটে গেলে, তাহারা শিখাইতে চায় না। এজন্য, তিনি রাখালী করিয়া যা কিছু পাইতেন, তাহা আর কোন বিষয়ে বয়য় না করিয়া, যে সকল বালক লেখা পড়া জানিত, তাহা দিয়া সন্তুষ্ট করিয়া, তাহাদের নিকট লেখা পড়া শিথিতে আরম্ভ করিলেন।

এই রূপে, ডুবাল লেধা পড়া শিথিতে

তারস্ত করিলেন বটে, কিন্ত আর আর
দুই বালকেরা বিলক্ষণ ব্যাঘাত জন্মাইতে
লাগিল। এজন্য তিনি সর্বাদাই এই চিন্তা
করেন, যেখানে কোন গোলমাল নাই, এমন

স্থান না পাইলে, লেখা পড়ার স্থাবিধা হইবেক না; এরপ স্থান কোথায় পাই।

এক দিন ভ্রমণ করিতে করিতে, তিনি একটি আশ্রম দেখিতে পাইলেন। ঐ আশ্রমে পালিমান নামে এক তপস্বী থাকিতেন। ডুবাল দেখিলেন, ঐ আশ্রম অতিনির্জন স্থান, কোন গোলমাল নাই। এজন্য, তিনি মনে মনে স্থির করিলেন, যদি তপস্বী মহাশয় অনুগ্রহ করিয়া আমায় আশ্রমে থাকিতে দেন, তাহা হুইলে, এখানে থাকিয়া ভাল করিয়া লেখা পড়া শিখিব। পরে, তিনি তাঁহার নিকট আপন প্রার্থনা জানাইলেন। তপস্বী সন্মত হইলেন। ঐ সময়ে, আশ্রমে একটি ভূত্য নিযুক্ত করিবার প্রয়োজন ছিল। পালিমা<mark>ন</mark> ডুবালকে নিযুক্ত করিলেন। ডুবাল, অতিশয় আহ্লাদিত হইয়া, মনের স্থথে আশ্রমের কর্ম করিতে ও লেখা পড়া শিখিতে লাগিলেন।

কিছু দিন পরেই, পালিমানের কর্তৃ-পক্ষীয়েরা ঐ কর্মে অন্য এক ব্যক্তিকে নিযুক্ত করিয়া পাঠাইলেন। স্মৃতরাং ড্বালের সে কর্ম গেল, এবং আশ্রমে থাকিয়া নির্বিদ্ধে লেখা পড়া করিবার যে সুযোগ ঘটিয়াছিল, তাহাও গেল। ডুবাল জড়ান্ত দুঃথিত হইলেন। পালিমান অতিশর দয়ালু ছিলেন। তিনি, ডুবালের দুঃথে দুঃথিত হইয়া, এক পত্র লিধিয়া, তাঁহাকে আর এক আশ্রমে পাঠাইয়া দিলেন। ঐ আশ্রমে কয়েক জন তপন্থী বাস করিতেন। তাঁহাদের কৃতিপার ধেল ছিল। তাঁহারা, পালিমানের পত্র পাইয়া, ডুবালকে সেই কয় ধেলুর রক্ষণাবেক্ষণে নিযুক্ত

এই তপস্বীরা বড় ভাল লেখা পড়া জানি-তেন না। কিন্তু তাঁহাদের কতকগুলি পুস্তক ছিল। ডুবাল প্রার্থনা করাতে, তাঁহারা তাঁহাকে ঐ সকল পুস্তক পড়িতে অনুমতি দিলেন। ডুবাল সেই সকল পুস্তক লইরা পড়িতে লাগিলেন। কিন্তু আপনি সমুদার বুবিতে পারিতেন না। বে সকল স্থান কঠিন বোধ হইত, কেহ আশ্রম দেবিতে আসিলে, তাঁহার নিকট জিল্পাসা করিয়া লইতেন।

দুবাল যে জাপা বেতন পাইতেন, খাওয়া পরার ক্লেশ স্বীকার করিয়া, তাহার অধিকাং-শই বাঁচাইবার চেন্টা পাইতেন, এবং যাহা বাঁচাইতে পারিতেন, তাহাতে আবশ্যক্ষত পুস্তক কিনিতেন। এক্ষণে তিনি অধিক পড়িতে পারিতেন, স্বতরাং অধিক পুস্তক লাভের আকাজ্জা হইয়াছিল; কিন্তু যে আয় ছিল, তাহাতে অধিক পুস্তক ক্রয় করিবার সম্ভাবনা ছিল না। তিনি, আয়ুর্দ্ধি করিবার নিমিত্ত, ফাঁদ পাতিয়া বনের জন্ত ধরিতে আরম্ভ করিলেন। ঐ সকল জন্ত, অথবা উহাদের চর্মা, বাজারে বিক্রের করিতেন, এবং তাহাতে যাহা লাভ হইত, তাহা জমাইয়া, তন্দারা মনের মত পুস্তক কিনিতেন।

বনের জন্ত ধরিতে গিয়া, ডুবাল কথন কথন বিষম সন্ধটে পড়িতেন, তথাপি ক্ষান্ত হইতেন না। তিনি এক দিন, বনমধ্যে ভ্রমণ করিতে করিতে, এক গাছের ডালে একটা বন্য বিড়াল দেখিতে পাইলেন। বিড়ালের গাত্রের লোমগুলি অতি চিক্কণ দেখিয়া, তিনি विदिवन क्रिलन, अई विज्ञालत वर्ष विज्ञा করিলে, কিছু অধিক পাওয়া বাইবেক; অত-এব ইহাকে ধরিতৈ হইল। এই ব্লিয়া, গাছে চড়িয়া, ডুবাল তাড়াতাড়ি করিতে আরম্ভ করি-(लन। विंड्रान ठांड़ा शाहेशा, शांनिक এ डान ও ডাল করিয়া বেড়াইল; কিন্তু নিতান্ত পীড়া-পাড়ি দেখিয়া, অবশেষে গাছ ইইতে নামিয়া পজিল। তিনিওসঙ্গে সঙ্গুনামিয়া পজিলেন। বিড়াল দেডি্তে আরম্ভ করিল; ডুবালও. পশ্চাৎ পশ্চাৎ দেডিলেন। বিড়াল এক বক্ষের कांग्रेत अत्यमं कदिल। पूर्वाल, शीषाशीष्टि ক্রিয়া, তাহার ভিতর হইতে যেমন বাহির ক্রিলেন, অম্বনি বিড়াল তাঁহার হাতের উপর ঝাঁপিয়া পড়িল, আঁচড়াইয়া সর্বাদ কত-বিক্ষত করিল, এবং নথর দ্বারা ঘাড়ের কতক দূরের চামড়া উঠাইয়া লইল। ডুবাল তথাপি উহাকে ছাড়িলেন না; অবশেষে, উহার পা ধরিয়া, এক গাছে বারংবার আছাড় মারিয়া উহার প্রাণসংহার করিলেন। প্র বিড়ালের চর্ম বিক্রয় করিয়া পুস্তক কিনিতে পারিবেন,

এই ভাবিয়া প্রফুলচিত হইয়া, তিনি উহাকে গৃহে আনিলেন, বিড়ালের নধরপ্রহারে সর্বাদ বে ক্লতবিক্ষত হইয়াছিল, সে ক্লেশকে এক বার ক্লেশ ব্লিয়া ভাবিলেন না ।

এक मिन, पूर्वान, बरनत मर्द्या खर्मन করিতে করিতে, একটি সোনার দীল পড়িয়া जारह पिरिंछ शहितन। थे मीलंद जानक ं भूना। जुरान, रेष्ट्रा कतिरान, र्थ मीन विक्रत . করিয়া, সাভ করিতে পারিতেন ি তিনি षा पुःशी हिलन रहि, किस महार्थ लोक हिल्न ना । जिनि श्रात्र स्वा अश्रद्ध करा जनगांत कर्य बिनदा क्रांनिएडन, अक्रना क्षे भीन आश्रीन नहेर रिनशा, अक राइड मरन कतित्वन ना ; वतः छदक्रनां धानां कतिशा पिरनन, जामि अहेत्रण अकृष्टि स्नानात जीन পাইয়াছি; যাঁহার হারাইয়াছে, তিনি আমার निक्छ आमित्रा लहेत्रा याहरतन। याहात मील शाहाशाहिल, करतक दिन शाहर जिन উপছিত হুইলে, দুবাৰ ভাঁছাকে বেই মীল मिटलम ।

ঐ ব্যক্তি, সীল পাইয়া সম্ভুট হইয়া, ডুবালের পরিচয় লইলেন, ওাঁহার অবস্থা, লেখা পড়া শিথিবার যতু, ও কত শিক্ষা হইয়াছে, এই সমস্ত অবগত হইয়া, অত্যন্ত আহ্লাদিত হইলেন, এবং ভাঁহাকে বিলক্ষণ পুরক্ষার ছুিয়া, যাইবার সময়, বলিয়া গেলেন, তুমি মধ্যে মধ্যে আমার সহিত সাক্ষাৎ করিবে। ডুবাল যথন যথন সাক্ষাৎ করিতে ষাইতেন, ঐ ব্যক্তি তাঁহাকে এক একটি টাকা দিতেন। ঐ টাকা ডুবাল অন্য কোন বিষয়ে ব্যয় করিতেন না, তদ্বারা কেবল পুস্তক কিনিতেন; আর ঐ ব্যক্তিও তাঁহাকে मर्था मर्था श्रुष्ठक मिर्जन। अहे स्वर्यारम, তাঁহার বিস্তর পুস্তক সংগ্রহ ও বিস্তর পুস্তক পাঠ করা হইল।

ষধন জুবাল তপস্বীদিগের গোরু চরাইতে মাইতেন, সে সমরেও পড়ার ক্ষান্ত হইতেন না। তিনি বনে গোরু ছাড়িয়া দিয়া পড়িতে বসিতেন। পড়িবার সময় চারি দিকে পুস্তক ও ভূচিত্র সকল খোলা থাকিত। তিনি পড়ায় এমন মন নিবিষ্ট করিতেন বে, নিকটে লোক দাঁড়াইলে, অথবা নিকট দিয়া লোক চলিয়া গেলে, টের পাইতেন না। ডুবাল প্রতিদিন এইরূপ করেন।

এক দিবস, সেই দেশের রাজার পুত্রেরা স্পায়া করিতে গিয়াছিলেন। তাঁহারা, পথ হারাইয়া, ইতস্ততঃ ভ্রমণ করিতে করিতে, ঐ স্থানে উপস্থিত হইলেন; দেখিলেন, এক দুঃখী রাখাল, গোরু ছাড়িয়া দিয়া, ভূচিত্র ও পুস্তকে বেষ্টিত হইয়া, নিবিষ্ট চিত্তে পাঠ করিতেছে। দেখিয়া চমৎকৃত হইয়া, রাজপুলেরা ভুবালের নিকটে উপস্থিত হইলেন, এবং তাঁহার পরি-চয় লইয়া, কত দূর শিক্ষা হইয়াছে, তাহার পরীকা করিলেন। রাধাল হইয়া কি রূপে এত লেখা পড়া শিখিল, ইহা জানিবার নিমিত্ত, তাঁহারা অত্যন্ত ব্যথ্র ছইলেন এবং জিজ্ঞাসা করিয়া, সবিশেষ সমুদায় অবগত হইয়া, যেমন বিষয়াপত্র হইলেন, তেমনই আহলাদিত হইলেন।

জ্যেষ্ঠ রাজকুমার, আপনার পরিচয় দিয়া,

ডুবালকে কহিলেন, আহে রাধাল! আর তোমার গোরু চরাইয়া কাজ নাই; ভুমি আমার সঙ্গে চল, আমি তোমায় উত্তম কর্মে নিযুক্ত করিব। ডুবাব কোন কোন পুস্তকে পড়িয়াছিলেন, যাহারা রাজসংসারে চাকরি করে, তাহারা প্রায় দুশ্চরিত্র হয়; এজন্য কহিলেন, আমি আপনকার সঙ্গে যাইব না; আমার রাজসংসারে চাকরি করিতে বাঞ্চা নাই; যত দিন বাঁচিব, এই বনে গোরু চরাইব ; সে আমার ভাল ; আমি এ অবস্থায় বেস সুখে আছি। কিন্তু, যদি আপনি অনুগ্রহ করিয়া, আমার পড়া শুনার ভাল বন্দোবস্ত করিয়া দেন, তাহা হইলে, আমি আপনকার সঙ্গে যাই।

রাজকুমার, ডুবালের এই উত্তর শুনিরা
পূর্ব অপেক্ষা অধিক সন্তুট হইলেন, এবং
ডুবালকে রাজধানীতে লইরা গিরা তাঁহার
বিদ্যাশিক্ষার উত্তম বন্দোবন্ত করিয়া দিলেন।
ডুবাল ইতিপুর্বেই, আপন বজু ও পরিপ্রমে,
অনেক শিক্ষা করিয়াছিলেন; এক্ষণে উত্তম ব্র

উত্তম অব্যাপকের নিকট উপদেশ পাইয়া,
অপপ কালেই বিলক্ষণ পণ্ডিত হইয়া উঠিলেন।
রাজা, ডুবালকে বহু বিদ্যায় নিপুণ দেখিয়া,
নিজ্প পুস্তকালয়ের অধ্যক্ষ ও পুরার্ভের
অধ্যাপকের পদে নিযুক্ত করিলেন। তিনি এমন
উত্তম রূপে পুরার্ভের শিক্ষা দিতে লাগিলেন যে, দেশে বিদেশে তাঁহার নাম খ্যাত
হইল।

এই রপে, ডুবাল দুই প্রধান পদে নিযুক্ত হইলেন, রাজার প্রিয় পাত্র হইলেন, এবং ক্রমে ক্রমে ধনসঞ্চয় করিলেন, কিন্তু রাধাল অবস্থায় তাঁহার যেরপে স্বভাব ও চরিত্র ছিল, তাহার কিছুমাত্র বৈলক্ষণ্য ঘটিল না। রাজ-সংসারে পকিলে ও রাজার প্রিয়পাত্র হইলে, মনুষোর যে সকল দোষ জন্মিবার সম্ভাবনা, ডুবালের তাহার কোন দোষ জন্মে নাই। হীন অবস্থায় ধাকিয়া ভাল অবস্থা হইলে, আনেকের অহস্কার হয়, কিন্তু ডুবালের তাহা হয় নাই। তিনি দুঃধের অবস্থায় যেমন ন্য্র ও নিরহক্কার ছিলেন, সম্পদের অবস্থাতেও সেইরপ নম ও নিরহন্ধার রহিলেন। এই সকল গুণ থাকাতে, তুবাল সকলের প্রির হইরাছিলেন। তুবালের স্ত্যু হইলে, সকলেই যার পর নাই দুঃধিত হইরাছিল।

যাহারা মনে করে, দুঃখে পড়িলে লেখা পড়া হয় 🌋 তাহাদের, মন দিয়া, ডুবালের বৃত্তান্ত পঠি করা আবশ্যক। দেখ, ডুবাল অতি দুঃধীর সন্তান, অংশ বয়সে পিতৃহীন ও মাতৃহীন হন, পেটের ভাতের জন্যে কভ জায়গায় রাধালী করেন; তথাপি কেম্ন লেখা পছা শিবিয়াছিলেন, ও কেমন সন্মান ও কেম্ম সম্পদ লাভ করিয়া, সুখে কাল-যাপন করিয়া গিয়াছেন। যদি উঁহোর লেখা পড়ীয় অনুরাগ না জন্মিড, এবং যতু ও এম कतिया ना निथिएजन, जाहा इहरन ताथानी क्रिया यार्कीयन मुश्रद कान्यार्गम क्रिएड रहेज, मत्मह महि।

উইলিয়ম রক্ষো

উইলিয়ম রক্ষো দুঃধীর সন্তান ছিলেন।
তাঁহার পিতা ক্রষিকর্ম করিয়া কটে সংসারনির্বাহ করিতেন; পুত্রকে উত্তমরূপ লেখা
পড়া শিখান, তাঁহার এমন সংস্কৃতির না।
স্কুতরাং রক্ষো বাল্যকালে অতি সামান্যরূপ
লেখা পড়া শিথিয়াছিলেন।

রক্ষাের পিতার আলুর চাস ছিল। একাকী
চাসের সমুদ্য কর্ম নির্বাহ করিতে পারেন না,
এজন্য তিনি রক্ষােকে, বার বংরুরে বয়সের
সময়, পাঠশালা ছাড়াইরা, চাসের কর্মে নিযুক্ত
করিলেন। তদবিধি করেক বংসর পর্যন্ত,
রক্ষো চাসের কর্মে নিযুক্ত ছিলেন। তিনি
পিতার সঙ্গে চাসের কর্মে করিতেন, এবং আলু
প্রস্তুত হইলে, আলুর বাজরা মাধার করিরা,
বাজারে গিয়া বিক্রের করিরা আসিতেন।

রক্ষো অতি সুনীল ও সুবোধ ছিলেন; অন্যান্য বালকদিগের মত দুই ও চঞ্চলম্বভাব ছিলেন না। তিনি লেখা পড়ায় এমন যজুবান্ ছিলেন যে, চাসের কর্ম করিরা অবসর পাই-লেই, অন্য দিকে মন না দিয়া, কেবল লেখা পড়া করিতেন। তিনি কখন খেলা বা গণ্পা করিয়া সময় নই করেন নাই। অসক্ষতি প্রযুক্ত তাঁহার পিতা পুস্তক কিনিয়া দিতে পারিতেন । তুনি তাহাই পাঠ করিতেন। এই রূপে, অবসরকালে কিঞ্জিং কিঞ্জিং পাঠ করিয়া, লেখা পড়ায় তাঁহার এক প্রকার অধিকার জন্মিল। উপদেশ দিবার লোক ওই ছামত পড়িবার পুস্তক জুটিলে, তিনি এই সময়ে ইহা অপেকা অনেক অধিক শিখিতে পারিতেন, সন্দেহ নাই।

সর্বদা ইচ্ছামত পুস্তক পড়িতে পাইব, এই অভিপ্রায়ে রক্ষো পুস্তকবিক্রয়ের কর্ম করিবার ইচ্ছা প্রকাশ করাতে, তাঁহার পিতা তাঁহাকে এক প্রধান পুস্তকবিক্রেতার দোকানে রাখিয়া দিলেন। কিছু দিন কর্ম করিয়া পুস্তকবিক্রেয়ব্যবসায় তাঁহারে ভাল লাগিল না। তিনি স্বরায় সে কর্ম পরিত্যাগ করি- লেন। অবশেষে, জাহার পিতা তাঁহাকে ওকালতী কর্ম শিখাইবার নিমিত, এক উকীলের নিকট রাধিয়া দিলেন।

এই সময়ে, সোভাগ্যক্রমে, হোলজননামক এক ব্যক্তির সহিত রক্ষোর অভিশয় সোক্ষান্য জন্মিল। হোলজন অভিস্থালৈ ও অভিশয় বৃদ্ধিমান্ ছিলেন, এবং অপপ বয়সেই নানা ভাষায় ও নানা বিদ্যায় পণ্ডিত হইয়াছিলেন। রক্ষো ও হোলজন উভয়ে প্রায় সমবয়ক্ষ; উভয়েই বিদ্যান্থশীলনবিষয়ে অভ্যন্ত অনুরক্ত ও অত্যন্ত যতুবান্। অব-সরকালে উভয়ে একত্র হইয়া লেখা পড়ার চর্চা করিতে আরম্ভ করিলেন।

এ পর্যন্ত রকো জাতিভাষা ইন্সরেজী ভিন্ন আর কোন ভাষা জানিতেন না। হোলডন, পরামর্শ দিয়া, রক্ষোকে অন্যান্য ভাষা
শিক্ষা করিতে আরম্ভ ক্রাইরা দিলের এবং
আপনি শিক্ষা দিতে লাগিলেন। এই
স্বোগ পাইয়া রক্ষো আক, লাটন, ক্রাসি
ও ইটালীয় ভাষা শিক্ষা করিলেন।

এই রূপে, তিনি ক্রমে ক্রমে নানা ভাষার ও নানা বিদ্যায় নিপুণ হইরা উঠিলেন। একুশ বংসর বয়সে, তিনি ওকালতী কর্মে প্রহৃত হইলেন, এবং কিছু দিন কর্ম করিয়া কিঞ্ছিৎ সংস্থান হইলে পর, নিবাহ করিলেন।

রকো ক্রমে ক্রমে দুই উৎক্র ইতিহাসপ্রস্থার রচনা করিয়া প্রচার করিলেন; তদ্ধারা
তাঁহার নাম এক কালে দেশে বিদেশে বিখ্যাত
হইল। এই দুই প্রস্থের রচনাবিষয়ে তিনি
বিস্তর পরিশ্রম করিয়াছিলেন। এই দুই প্রস্থ এমন উৎকৃষ্ট হইয়াছে যে, তদ্ধারা তাঁহার নাম
চিরস্থায়ী হইতে পারিবেক। ইহা ভিন্ন, তিনি
আরও কতিপর প্রস্তুরচনা করিয়াছিলেন।

ক্রমে ক্রমে, রক্ষো দেশের মধ্যে এক জন প্রধান লোক বলিয়া গণ্য হইলেন; সর্বত্র মান্য হইলেন; এবং কি বিদ্বান্ কি সন্ত্রান্ত লোক, সকলের নিকট সমান আদরণীয় হই-লোন। রক্ষো অতি ধর্মশীল লোক ছিলেন; কখন অধর্মপ্রেধ পদার্পণ করেন নাই।

দেখ! যিনি, পিতার অসক্তি প্রযুক্ত,

বাল্যকালে ভাল করিয়া লেখা পড়া শিথিতে পান নাই; যাঁহাকে, বার বৎসর বয়সের সময়, পাঠশালা ছাড়িয়া স্বহস্তে চাসের সমুদ্র কর্ম করিতে হইয়াছিল; যিনি, বাজরা মাধার করিয়া, বাজারে গিয়া, আলু বিক্রেয় করিয়া আসিতেন; সেই ব্যক্তি, কেবল আন্তরিক যতু ও পরিশ্রমের গুণে, নানা ভাষায় ও নানা বিদ্যায় পণ্ডিত হইয়াছিলেন, দেশের মধ্যে এক জন প্রধান লোক বলিয়া গণ্য ও সর্বত্র মান্য হইয়াছিলেন, এবং অন্তর্বনা করিয়া, সর্বত্র বিধ্যাত ও চিরস্মরণীয় হইয়া গিয়াছেন।

হীন

ইয়ুরোপের অন্তর্বর্ত্তী সাক্সনিপ্রদেশে শেমনিজ্প নামে এক নগর আছে। ঐ নগরে হীনের জন্ম হয়। হীনের পিতা অতি দুঃধী ছিলেন; তন্ত্ত-বায়ের ব্যবসায় অবলম্বন করিয়া, অতি কটে বন্তু পরিবারের ভরণপোষণ নির্বাহ করিতেন। পুত্রকে লেখা পড়া শিখান, তাঁহার এমন সক্ষতি ছিল না। শেমনিজ নগরের নিকট একটি সামান্য বিদ্যালয় ছিল, হীনের পিতা তাঁহাকে সেই বিদ্যালয়ে পাঠাইয়া দিলেন। হীন কিছু দিন তথায় থাকিয়া, সেখানে যত দূর হইতে পারে, লেখা পড়া শিখিলেন।

অনন্তর, তাঁহার লাটিন পড়িতে অত্যন্ত ইচ্ছা হইল। ঐ বিদ্যালয়ের শিক্ষকের পুত্র লাটিন জানিতেন। তিনি হীনকে কহিলেন, যদি তুমি আমার কিছু কিছু দিতেপার, আমি তোমার লাটিন শিখাই। হীনের পিতার এমন সন্ধতি ছিল না যে, তিনি পুত্রের লেখা পড়ার নিমিত্ত মাসে মাসে কিছু কিছু দিতে পারেন। স্থতরাং হীনের লাটিন শিখার স্থযোগ হইল না। তিনি যৎপরোনান্তি দুঃধিত হইলেন।

এই সময়ে, এক দিন, তাঁহার পিতা
তাঁহাকে, কোন প্রয়োজনে, এক স্বাত্মীয়ের
নিকট পাঠাইয়া দেন। লাটিন শিধিবার
স্থাোগ হইল না বলিয়া, হীন সর্বাদাই
দুঃধিত মনে ও মান বদনে ধাকেন। ঐ আত্মীয়

ব্যক্তি হীনকে অতিশয় ভাল বাসিতেন।
তিনি হীনের মুখ মুান দেখিয়া কারণ জিজ্ঞাসা
করিলেন, এবং তাঁহার মুখে সমুদ্র শুনিয়া
কহিলেন, তুমি লাটিন পড়িতে আরম্ভ কর;
মাসে মাসে শিক্ষককে যাহা দিতে হইবেক,
তাহা আমি দিব। এই কথা শুনিয়া, হীনের
আর আহ্লাদের সীমা রহিল না।

এই রূপে, ঐ আত্মীয় ব্যক্তির সাহায্য পাইয়া, হীন দুই বৎসর লাটিন শিক্ষা করিলেন। পরে তাঁহার শিক্ষক কহিলেন, আমি বত দূর জানিতাম, তোমায় শিখাইয়াছি; আমার আর অধিক বিদ্যা নাই; আমি তোমায় অতঃপর শিখাইতে পারিব না। স্কুতরাং আপাততঃ হীনের লাটিনপাঠ রহিত হইল।

এই সময়ে, হীনের পিতা তাঁহাকে কোন বিষয়কর্মে প্রবৃত্ত করিবার নিমিত অত্যন্ত ব্যথ হইলেন। কিন্ত হীনের নিতান্ত মানস, ভাল করিয়া লেখা পড়া শিখেন। তাঁহার পিতার বেরূপ দুঃখের অবস্থা, তাহাতে তিনি পুল্লের লেখা পড়ার ব্যর নির্বাহ করিতে পারেন না। ভাগ্যক্রমে তাঁহাদের আর এক আত্মীয় ছিলেন। তিনি, লেখা পড়ায় হীনের কেমন যতু ও হীন কেমন শিথিতে পারেন ও কত দূর শিথিয়াছেন, হীনের শিক্ষকের নিকট এই সমুদ্য অবগত হইয়া, অতিশয় সন্তুষ্ট হইলেন; এবং সেই নগরে যে প্রধান বিদ্যালয় ছিল, হীনকে তথায় প্রবিষ্ট করিয়া দিলেন; কহিলেন, হীনের লেখা পড়া শিথিবার যে ব্যয় হইবেক, সে সমুদ্য় আমি দিব।

হীন, এই রূপে প্রধান বিদ্যালয়ে প্রবিষ্ট হইরা, লেখা পড়া শিথিতে লাগিলে। কিন্তু অত্যন্ত অসুবিধা ঘটিতে লাগিল। তাঁহাদের আত্মীয়, সমুদর ব্যর দিবার অদ্দীকার করিয়াও, রূপণ স্থভাব বশতঃ দিবার সময়ে বিস্তর গোলযোগ করিতেন। হীন পড়িবার পুস্তক পাইতেন না; সহাধ্যায়ীদিগের নিকট হইতে পুস্তক চাহিয়া লইয়া, স্বহস্তে লিধিয়া লইতিন, এবং ঐ লিধিত পুস্তক দেখিয়া পাঠ করিতেন। এই রূপে, অতি ক্ষে, ঐ স্থানে ধাকিয়া, তিনি কিছু দিন লেখা পড়া

করিলেন। পরিশেষে, ঐ নগরের এক সম্পন্ন ব্যক্তি তাঁহাকে জাপন পুদ্রের শিক্ষক নিযুক্ত করিলেন। তখন, হীনের কিছু কিছু আয় হইতে লাগিল। তদ্বারা তাঁহার লেখা পড়ার ব্যয়ের বিস্তর আনুকূল্য হইয়াছিল।

এই রূপে এই বিদ্যালয়ে কিছু দিন থাকিয়া, হীন দেখিলেন, বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট হইতে না পারিলে, মনের মত লেখা পড়া শিখা হইবেক না। অতএব, তিনি স্থির করিলেন, লিপ্সিক নগরে গিয়া বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট হইব। আর, তাঁহাদের পূর্বোক্ত আত্মীয়ও স্বীকার করিলেন, আমিও কিছু কিছু আয়ুকুল্য করিব। তিনি, এই প্রতিশ্রুত আয়ুকুল্যের উপর নির্ভর করিয়া, দুইটিমাত্র টাকা সম্বল লইয়া, লিপ্সিক নগরে গমন করিলেন, এবং বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট হইয়া, লেখা পড়া করিতে লাগিলেন।

কিন্তু, তাঁহার আত্মীয়, স্বীকার করিয়াও, যথাসময়ে না পাঠাইয়া, অনেক বিলম্ব ও বিস্তর বিয়ক্তি প্রকাশ করিয়া, খরচ পাঠা- ইতেন এবং ধরচের সক্ষে, হীনকে অলস ও আমনোযোগী বলিয়া ভর্মনা করিয়া পাঠাইতেন। তাহাতে হীনের অত্যন্ত কট ও মনে অত্যন্ত অস্থুৰ হইত। তিনি যে বাটাতে বাসা করিয়াছিলেন, ঐ বাটীর এক দাসী, দয়া করিয়া, তাঁহার বিস্তর আনুকুল্য করিত। এই দাসীর আনুকুল্য না পাইলে, তাঁহাকে অত্যন্ত ক্রেশ পাইতে হইত। বোধ হয়, পুস্তকের অভাবে পাঠ বন্ধ হইত, এবং অনেক দিন অনাহারে থাকিতে হইত।

এইরপ কটে পড়িয়াও, তিনি, ক্ষণ কালের নিমিত্ত, লেখা পড়ায় আলস্য বা উদাস্থ করেন নাই। এত দুঃখে পড়িয়াও, যে তাঁহার উৎসাহতক্ষ হয় নাই, তাহার কারণ এই যে, তিনি ভাবিয়াছিলেন, আমি যথেই কই পাইতেছি বটে; কিন্তু লেখা পড়া ছাড়িয়া দিলে, আমার কই দুর হইবেক না; লাভের মধ্যে জন্মের মত মূর্ধ হইব; মূর্ধ হইলে চির কাল দুঃখ পাইব; চির কাল সকল লোকে মূর্ধ বলিয়া মূণা করিবেক। অতএব, যত কফ হউক না কেন, ভাল করিয়া লেখা পড়া শিখিব। তিনি যত কফ পাইতেন, লেখা পড়ায় তত অধিক যত্ন করি-তেন। যত্নের কথা কি বলিব, দুই মাস কাল সপ্তাহে দুই রাত্রি মাত্র নিদ্রা যাইতেন, আর পাঁচ দিবস সমস্ত রাত্রি অধ্যয়ন করি-তেন।

ক্রমেক্রমে, তাঁহার ক্ষ এত অধিক হইয়া উঠিল যে, আর সহা হয় না। এই সময়ে কোন সম্পন্ন ব্যক্তির বাটীতে এক শিক্ষকের প্রয়োজন হইল। বিশ্ববিদ্যালয়ের এক অধ্যা-পক, হীনের দুঃখ দেখিয়া দয়া করিয়া, ভাঁহাকে ঐ কর্ম দিতে চাহিলেন। ঐ কর্ম স্বীকার कतिरल, शैरनत এक कारल मकल कछ पृत হইত। কিন্তু, ঐ সম্পন্ন ব্যক্তির বাটী বিশ্ব-বিদ্যালয় হইতে **অনেক দূ**র। তাঁহার বা**টীতে** কর্ম করিতে গেলে, বিশ্ববিদ্যালয় ছাড়িয়া যাইতে হয়; তাহা হইলে তাঁহার পড়া শুনার সকল স্থবিধা যায়। এজন্য তিনি ঐ কর্ম ব্দস্বীকার করিলেন। তিনি মনে মনে স্থির

করিয়া রাধিয়াছিলেন, যত কট্ট পাই না কেন, লিপ্সিক পরিত্যাগ করিয়া যাইব না।

কিছু দিন পরে, ঐ অধ্যাপক লিপ্সিক নগরেই ঐরপ আর এক কর্মা উপস্থিত করি-লেন। বিশ্ববিদ্যালয়ে থাকিয়া পড়া **গুনা** চলিবেক, অথচ কন্ট দূর হইবেক, এই বিবে-চনায় তিনি ঐ কর্ম স্বীকার করিলেন। **এই** কর্ম স্বীকার করাতে, আপাততঃ তাঁহার অনেক কট দুর হইল। কিন্তু ছাত্রদিগকে শিক্ষা দেওয়াতে, এবং স্বয়ং অহোরাত্র অধ্য-য়ন করাতে, অতি উৎকট পরিশ্রম হইতে লাগিল। এই কারণে, তাঁহার এমন উৎকট পীড়া জন্মিল যে, ঐ কর্ম পরিত্যাগ করিতে হইল। ঐ কর্ম করিয়া, যৎকিঞ্চিৎ যাহা তাঁহার হস্তে হইয়াছিল, রোগের সময় সমুদ্য নিঃশেষ হইয়া গেল। যথন স্কুত্ত হইয়া ' উঠিলেন, তথন তাঁহার এক কপদ্দকও সম্বল ছিল না। স্থতরাং পুনর্বার তিনি পুর্বের মত কটে পড়িলেন এবং ঋণগ্রস্ত হইলেন। ইতিপূর্বে, তিনি লাটিনভাষায় কতক- গুলি শ্লোক রচনা করিয়াছিলেন। ঐ শ্লোক দেখিয়া, ড্রেসডেনের রাজমন্ত্রীরা প্রশংসা করাতে, তাঁহার আত্মীয়েরা এই বলিয়া তথায় যাইতে পরামর্শ দিলেন যে, সেখানে গেলে, রাজমন্ত্রীরা সহায়তা করিয়া, তোমার যথেষ্ট উপকার করিতে পারেন। তদমুসারে, তিনি, ঋণ করিয়া পথখরচ লইয়া, ড্রেসডেনে গমন করিলেন। কিন্তু যে আশায় ঋণগ্রস্ত হইলেন এবং কফ করিয়া ড্রেসডেনে গেলেন, তাহা সফল হইল না। রাজমন্ত্রীরা প্রথমতঃ তাঁহাকে আশাস দিয়াছিলেন, কিন্তু সে

অবশেষে, তিনি, নিতান্ত নিরুপায় হইয়া,
তত্রত্য কোন সন্ত্রান্ত ব্যক্তির পুস্তকালয়ে
লেখকের কর্মে নিযুক্ত হইলেন। এই কর্মা
করিয়া যাহা পাইতেন, তাহাতে তাঁহার
আহারের ক্লেশও ঘুচিত না। কিন্তু তিনি
পরিশ্রমে কাতর ছিলেননা, পুস্তকের অনুবাদ
প্রভৃতি অন্যান্য কর্মা করিতে আরম্ভ করিলেন। এই সকল করিয়া, তাঁহার কিছু

কিছু লাভ হইতে লাগিল; তিনি ঐ লাভ দারা পূর্ব ঋণ পরিশোধ করিলেন। পুস্তকালয়ে দুই বৎসর কর্ম করিলে পর, তাঁহার বৈতন দিগুণ হইল। কিন্তু ঐ প্রদেশে, রাজায় রাজায় যুদ্ধ ঘটাতে, নানা উপদ্রব উপস্থিত হইল। এজন্য তাঁহাকে, কর্ম পরিত্যাগ করিয়া, পলায়ন করিতে হইল।

যুদ্ধ উপস্থিত হওয়াতে, ডে্সডেনে যে সকল উপদ্ৰব ঘটিয়াছিল, যুদ্ধশেষ হইলে ঐ সকল উপদ্রবের নিবারণ হইল। তখন তিনি ড়েসডেনে প্রতিগমন করিলেন। তাঁহার পঁশুছিবার কিছু পূর্ব্বে, গটিঞ্জনের বিশ্ববিদ্যা-লয়ে এক অধ্যাপকের পদ শূন্য হয়। তৎ-কালে রক্কিন নামে এক অতি প্রধান পণ্ডিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের কর্ত্তপক্ষীয়েরা প্রথমতঃ তাঁহাকে মনোনীত করেন। কিন্তু তিনি অস্বীকার করিয়া লিখিয়া পাঠান, হীন নামে এক ব্যক্তি আছেন, তিনি এই কর্ম্মের সম্পূর্ণ যোগ্য পাত্র; আমার মতে ঐ ব্যক্তি সর্ক্বীপেক্ষা অধিক উপযুক্ত। রঙ্কিনের সহিত

বীনের আলাপ ছিল না। কিন্তু তিনি তাঁহার বিদ্যা বৃদ্ধির বিষয় সবিশেষ অবগত ছিলেন; এই নিমিত্ত, স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া, ঐ কথা লিধিয়া পাঠান।

রক্ষিন এইরূপ লিখিয়া পাঠাইবামাত্র, विश्वविष्ठानरव्य कर्छभक्तीरव्य शैनरक थे প্রধান পদে নিযুক্ত করিলেন। তিনি এত দিন, নানা কফ ভোগ ও উৎকট পরিশ্রম করিয়া, যে বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন, একণে তাহার ফললাভ হইল। তিনি যেমন পণ্ডিত, তেমনই সৎস্বভাব ছিলেন। তাঁহার ছাত্রেরা, ও যাবতীয় নগরবাসী লোকেরা, ভাঁহাকে স্ব স্ব পিতার ন্যায় স্নেহ ও ভক্তি করিতেন। তিনি পঞ্চাশ বৎসর, ভাতিশয় ममानशृक्तक, विश्वविद्यानस्य अशांशरकत कर्म করেন। তাঁহার হত্য হইলে, সকল লোকই অত্যন্ত দুঃখিত হইয়াছিলেন।

দেখ ! হীন অতি দুঃখীর সস্তান। তাঁহার পিতা, তস্তবায়ের ব্যবসায় করিয়া, কটে জীবিকানির্বাহ করিতেন। কিন্তু হীন, যতু ও পরিশ্রম করিয়া লেখা পড়া শিথিয়াছিলেন বলিয়া, বিনা চেন্টায় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ছইলেন। যদি তিনি যত্ন ও পরিশ্রম করিয়া লেখা পড়া না শিথিতেন, তাহা ছইলে কেছ তাঁহার নামও জানিত না। কিন্তু তিনি, যার পর নাই কন্টে পড়িয়াও, যে বিদ্যা উপার্জন করিয়াছিলেন, কেবল সেই বিদ্যার বলে চিরশ্ররণীয় ছইয়াছেন। যত দিন পৃথিবীতে লেখা পড়ার চর্চা থাকিবেক, তত দিন তাঁহার নাম দেদীপ্যমান থাকিবেক।

জিরোম ফৌন

এই ব্যক্তি কট্লণ্ড দেশে জন্মগ্রহণ করেন।
ইহার তিন বৎসর বয়সের সময় পিতৃবিয়োগ
হয়। টোনের পিতা কিছুমাত্র সংস্থান
করিয়া যাইতে পারেন নাই। তাঁহার জননী
অতি কটে আপনার ও পুত্রের ভরণপোষণ
নির্বাহ করিতেন। তিনি পুত্রকে গ্রামস্থ

বিদ্যালয়ে সামান্যরূপ কিছু লেখা পড়া। শিখাইয়াছিলেন।

যেরপ অবস্থা, তাহাতে কিছু কিছু না আনিতে পারিলে কোন মতেই চলে না; স্থতরাং ফোনকে, উপার্জ্জনের চেফার, অপপ বয়সেই বিদ্যালয় পরিত্যাগ করিতে হইল। তিনি আমে আমে, নগরে নগরে, ভ্রমণ করিয়া ছুরী, কাঁচী, ছুঁচ, স্থতা, কিতা প্রভৃতি বিক্রয় করিতে আরম্ভ করিলেন। এই সামান্য ব্যবসায় ছারা যে অপপ লাভ হইতে লাগিল, তন্ধারা জননীর কিছু কিছু আমুকুল্য করিতে লাগিলেন।

ভাল করিয়া লেখা পড়া শিধিতে ফোনের অতিশয় বাসনা ছিল। জননী কোন রূপেই ভরণপোষণ নির্বাহ করিতে পারেন না, কেবল এই কারণে, নিতান্ত অনিচ্ছাপুর্বাক, তিনি বিদ্যালয় পরিত্যাগ করিয়াছিলেন। যে ব্যবসায় আরম্ভ করিলেন, তাহার সঙ্গে লেখা পড়ার কোন সম্পর্ক নাই। এই নিমিতে, ঐ ব্যবসায়ের উপযোগী যে সকল জিনিস পত্র কিনিয়া ছিলেন, সমুদয় বিজেয় করিলেন, এবং ব্যবসায় করিবার নিমিত্ত, ঐ মূল্যে কতকগুলি
পুস্তক ক্রয় করিলেন। পুস্তকবিক্রয়ের ব্যবসায় অবলম্বন করিবার তাৎপর্য্য এই য়ে,
ব্যবসায় দ্বারা যেমন কিছু কিছু লাভ হয়,
তাহাও হইবেক, এবং সর্বাদা নানাবিধ্ব পুস্তক
নিকটে ধাকিলে, ইচ্ছামত পড়াও চলিবেক।

তৎকালে স্কট্লণ্ডের স্থানে স্থানে যে মেলা হইত, তথার জিনিস পত্র লইরা গেলে, জনা-রাসে বিক্রের হইত। এই নিমিত্ত ফোন, দোকান না পুলিয়া, কিংবা গ্রামে গ্রামে না বেড়াইয়া, কেবল মেলার সময় পুস্তক বিক্রের করিতে যাইতেন, অবশিই সময়ে ক্রমাগত ইচ্ছামত পুস্তক পাঠ করিতেন।

এই রূপে পুস্তকবিক্রয়ব্যবসায় আরস্ত করাতে, ফোনের লেখা পড়া শিথিবার বিল-কণ সুযোগ হইয়া উঠিল। তিনি, লেখা পড়া শিথিবার নিমিত্ত, এত যতু ও এত পরি-শ্রম করিতে লাগিলেন যে, অপ্প দিনেই হিক্র ও এটক এই দুই ভাষার ব্যুৎপন্ন হইয়া উঠিলেন। তিনি, অন্যের সাহায্য ব্যক্তিরেকেই, এই দুই ভাষা শিক্ষা করিয়াছিলেন। পরে তাঁহার লাটিন শিথিতে অত্যন্ত ইচ্ছা হইল। তদমুসারে, তিনি লাটিন পড়িতে আরম্ভ করিলেন, এবং অংপ দিনের মধ্যেই এত দূর শিথিলেন যে, লোকে দেখিয়া শুনিয়া চমৎকৃত হইল।

ভাক্তর টলিভেক্ষনামক এক ব্যক্তি ক্ষট, লণ্ডের বিশ্ববিদ্যালয়ে প্রধান অধ্যাপক ছিলেন। এই ব্যক্তি বিশ্যাত পণ্ডিত ও বিশ্যাত বুদ্ধিনান্ ছিলেন। ইনি, টোনের লেখা পড়া শিথিবার যত্ন এবং অসাধারণ বুদ্ধি ও ক্ষমতা দেখিয়া, তাঁহাকে, তাল করিয়া লেখা পড়া শিথাইবার নিমিত, বিশ্ববিদ্যালয়ে পাঠাইলেন এবং তাঁহার সমুদ্য শ্বরচ পত্রের বন্দোবস্ত করিয়া দিলেন।

এই রূপে বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট হইরা, টোন, অব্পে কালের মধ্যেই, নানা শাস্ত্রে অসাধারণপণ্ডিত হইরা উঠিলেন। বিশ্ববিদ্যালয়ের, কি অধ্যাপক, কি ছাত্র, সকলেই তাঁহার বুদ্ধির ও বিদ্যার প্রশংসা করিতেন।
তনি ছাত্র ছিলেন, ইহাতে অধ্যাপকেরা
বিশ্ববিদ্যালয়ের শ্লাঘা জ্ঞান করিতেন; আর
তাঁহার সঙ্গে অধ্যয়ন করেন, ইহাতে সহাধ্যারীরা আপনাদিগের গৌরব জ্ঞান করিতেন।

ষ্টোন বিশ্ববিদ্যালয়ে প্রায় তিন বৎসর
অধ্যয়ন করিলেন; এমন সময়ে, এক লাটিন
বিদ্যালয়ে সহকারী শিক্ষকের পদ শূন্য হইল।
বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদিগের অনুরোধে,
যৌন ঐ পদে নিযুক্ত হইলেন। দুই বৎসর
পরে, তিনি প্রধান শিক্ষকের পদেও নিযুক্ত
হইয়াছিলেন। আক্ষেপের বিষয় এই যে, অতি
অপে বয়সেই তাঁহার হত্যু হইল। হত্যুকালে
তাঁহার বয়ঃক্রম ত্রিশ বৎসর মাত্র হইয়াছিল।

হণ্টর

ইংলণ্ডের অন্তঃপাতী লেনর্কশায়র প্রদেশে হকরের জন্ম হয়। তাঁহারা ভাই ভগিনীভে দশটি ছিলেন; তন্মধ্যে তিনি সর্বাকনিষ্ঠ। বৃদ্ধ বয়সের ও সর্ব্ব শেষের পুজ্র বলিয়া, তিনি পিতার আদরের ছেলে ছিলেন। তাঁহার পিতা, আদর দিয়া, তাঁহাকে এক বারে নষ্ট করিয়াছিলেন। হন্টর যা খুসী হইত তাই করিতেন; কোন বিষয়ে কাহার উপদেশ অথবা বারণ শুনিতেন না। কোনপ্রকার শাসনে থাকা ভাঁহার পক্ষে অত্যন্ত ক্লেশকর হইয়া উঠিয়াছিল। সর্বদা আপন ইচ্ছা অনু-সারে চলিয়া, এমন বিষম দোষ জন্মিয়া গিয়া-ছিল যে, তিনি কোন বিষয়ে অধিক ক্ষণ মনো-যোগ করিতে পারিতেন না। স্থতরাং বিদ্যা-লয়ে প্রবিষ্ট হইয়া, তথাকার নিয়ম অনুসারে চলিয়া, মনোযোগপুর্বেক লেখা পড়া শিখা তাঁহার অসাধ্য হইয়া উঠিয়াছিল। তাঁহার কর্ত্তপক্ষীয়েরা অনেক কফে তাঁহাকে অতি সামান্য লেখা পড়া শিখাইয়াছিলেন। সে সময়ে সক্লেই লাটিন শিখিত; তদমুসারে তাঁহাকেও লাটিন শিখাইবার জন্যে বিস্তর চেটা হইয়াছিল ৮ কিন্তু তিনি কোন মতেই

শিখিলেন না। অনেক বয়স পর্যান্ত তিনি খেলা, তামাসা ও আমোদ অহুলাদে কাটাইলেন, ভাল করিয়া লেখা পড়া শিখা, অথবা বিষয়-কর্মের চেফা দেখা, কিছুই করিলেন না।

হন্টরের পিতা সন্ধতিপন্ন লোক ছিলেন। ইংলণ্ড দেশের প্রথা এই, জ্যেষ্ঠ পুত্রই পৈতৃক বিষয়ের অধিকারী হয়। তদমুসারে সর্বজ্যেষ্ঠ সমস্ত পিতৃধন অধিকার করিলেন। क्लेंत वार्शत आमरतत रहाल हिलन वरहे, কিন্তু তিনি স্ত্যুকালে তাঁহার জন্যে কোন বন্দোবস্ত করিয়া যান নাই। স্কুতরাং, কোন বিষয়কর্মা না করিলে, ভাঁছার চলা ভার। দুর্ভাগ্যক্রমে, তিনি ভাল করিয়া লেখা পড়া শিখেন নাই; সুতরাং যে সকল বিষয়কর্মে লেখা পড়া জানা আবশ্যক, তাঁহার সেরপ বিষয়কর্ম করিবার ক্ষমতা ছিল না। তাঁহার এক ভগিনীপতি কাঠরার কর্ম করিতেন; তাঁহার নিকট নিযুক্ত হইয়া, তিনি মেঙ্গ ও কেদারা গড়া শিখিতে লাগিলেন। নানা প্রকারে দায়প্রস্ত হওয়াতে, তাঁহার ভগিনী-

পতির ব্যবসার বন্ধ হইরা গেল; স্থতরাং হন্টরেরও কর্ম গেল। তিনি নিজে ঐরপ কর্ম চালান, তাঁহার এমন উপার ছিল না; স্থতরাং অতঃপর কি করিবেন, কিছুই স্থির করিতে পারিলেন না।

এই সময়ের কিছু পূর্বেই, তাঁহার এক অগ্রন্ধ লণ্ডন রাজধানীতে চিকিৎসাব্যবসায় আরম্ভ করিয়াছিলেন। ইনি শারীরস্থান-বিদ্যা বিষয়ে উপদেশ দিতেন। শ্রীরের কোন স্থানে কিরূপ আছে, শব কাটিয়া ছাত্র-**मिगरक मिथारे**या मिर्छ रहेछ। छेश्रमिकी স্বয়ং সেই সমস্ত নির্বাহ করিতে পারেন না. এজন্য তাঁহার সহকারী থাকিত। হতীর, অনেক ভাবিয়া চিত্তিয়া, অবশেষে আপন অগ্রজের নিকট পত্র দ্বারা এই প্রার্থনা করিয়া পাঠাইলেন, আপনি আমাকে আপন সহ-कांद्री निशुक्त कक्रम ; यहि ना करतम, आमि দৈনিক দলে প্রবিষ্ট হইব। তাঁহার ভাতা সম্মত হইলেন এবং তাঁহাকে লওনে আসিছে নিধিয়া পাঠাইলেন।

হন্টর, অএজের পত্র পাইয়া, অতিশয় আহ্লাদিত হইলেন, এবং অবিলয়ে লওনে আসিয়া কর্মে নিযুক্ত হইলেন। প্রথম দিনেই, তিনি আপন কর্মে এমন নৈপুণ্য দেখাইলেন যে, তাঁহার জ্রাতা অত্যন্ত সম্ভূষ্ট হইয়া কহিলেন, কালক্রমে তুমি এ বিষয়ে অদ্বিতীয় লোক হইবে, তথন তোমার চাকরীর আর কোন ভাবনা থাকিবেক না। হতীর, কিছু দিন পরেই, শারীরস্থানবিদ্যা অধ্যয়ন করিতে আরম্ভ করিয়া, অতি ত্বায় এমন ব্যুৎপত্ন হইরা উঠিলেন যে, লগুনে আসার পর এক বৎসর না যাইতেই, উক্ত বিদ্যায় শিক্ষা দিবার উপযুক্ত হইয়া উঠিলেন, এবং কতকগুলি ছাত্রকে শিক্ষা দিতে আরম্ভ করিলেন।

অনন্তর তিনি, অংশ দিনের মধ্যেই,
চিকিৎসাবিদ্যায় বৃহৎপক্ষ হইয়া, চিকিৎসাব্যবসায় আরম্ভ করিলেন। তদ্বাতিরিক্তা, তাঁহাকে
শিষ্যদিগকে শিক্ষাদানপ্রভৃতি অনেক কর্ম
করিতে হইত। এই সমস্ত কর্ম করিয়া অবসর
পাইলেই, তিনি বিদ্যার অনুশীলন করিতেন।

তৎকালে যে সকল ব্যক্তি শারীরস্থানবিদ্যায় বিশারদ ছিলেন, তিনি তাঁহাদের সকলের প্রধান বলিয়া গণ্য হইয়াছিলেন। তাঁহার দারা অস্ত্রচিকিৎসা ও শারীরস্থানবিদ্যার যেরূপ উন্নতি হইয়াছিল, আর কাহার দারা সেরপ হয় নাই। বস্তুতঃ, এই সকল বিদ্যার উন্নতির নিমিত্ত, তিনি বিস্তর যতু, বিস্তর পরিশ্রম ও বিস্তর অর্থব্যয় করিয়াছিলেন। তিনি নানা কর্মে ব্যাপৃত ছিলেন, স্কুতরাং দিবাভাগে অবসর পাওয়ার সম্ভাবনা ছিল না। অধিক অবসর লাভের নিমিত, তিনি নিজার সময় সঙ্কোচ করিয়াছিলেন। রাত্রিতে সমুদয়ে চারি ঘণ্টা, ও দিবসে আহারের পর এক ঘন্টা, এইমাত্র নিজা যাইতেন।

দেখ ! হন্টর কেমন আশ্চর্য্য লোক। বল্য-কালে পিতা মাতার আদরের ছেলে ছিলেন, অত্যন্ত আদর পাইয়া এক বারে নই হইয়া গিয়াছিলেন, কিছুই লেখা পড়া শিখেন নাই। লেখা পড়া জানিতেন না, এজন্য, উদরের অল্লের নিমিত, অবশেষে ছুতরের কর্ম আরম্ভ

করিয়াছিলেন। যদি তাঁহার ভগিনীপতির কর্ম, বন্ধ হইয়া না গিয়া, উত্তরোত্তর উত্তম রূপে চলিত, তাহা হইলে তিনি ঐ ব্যবসায়ে পরিপক হইয়াই জন্ম কাটাইতেন। তাঁহার ভগিনীপতির কর্ম বন্ধ হইয়া যাওয়াতে, তিনি निःगत्मर, अनुशांत्र ভावित्रां, आश्रनात्क হতভাগ্য বোধ করিয়াছিলেন। কিন্তু তাঁহার ভগিনীপতির কর্ম বন্ধ হওয়া তাঁহার ও জগতের সোভাগ্যের হেতু হইয়াছিল। তাঁহার कर्मा वस्त्र इहेल, जात (कान छेशात्र नाहे. এই ভাবিয়া, হন্টর আপন ভাতার নিকট প্রার্থনা করেন। ঐ সমরে ভাঁহার বয়স কুড়ি বৎসর। কুড়ি বৎসর বয়সে লেখা পড়া আরম্ভ করিয়া, তিনি জগদ্বিখ্যাত ও চির-স্বরণীয় হইয়া গিয়াছেন।

সিমসন

ইংলও দেশে লীফরশায়র নামে এক প্রদেশ আছে। ঐ প্রদেশের অন্তঃপাতী মার্কেট বসওয়ার্থনামক আমে সিমসনের জন্ম হয়। সিমসনের পিতা তন্তবায়ব্যবসায়ী ছিলেন। তিনি, প্রথমতঃ, সিমসনকে এক বিদ্যালয়ে অধ্যয়ন করিতে পাঠাইয়া দেন। কিন্ত তিনি বিদ্যার গৌরব করিতেন না, এবং বিদ্যা উপাৰ্জ্জন মনুষ্যের পক্ষে নিতান্ত আবশ্যক বলিয়া তাঁহার বোধ ছিল না। এই নিমিত্ত, পুত্রের যৎকিঞ্চিৎ লেখা পড়া শিক্ষা হইবামাত্র, তিনি ভাঁহাকে বিদ্যালয় হইতে ছাডাইয়া লইলেন, এবং তল্পবায়ের ব্যবসায়ে नियुक्त कतिश पिटलन।

অধিক লেখা পড়া শিখার কোন লাভ নাই, এই বিবেচনা করিয়া, সিমসনের পিতা তাঁহার লেখা পড়া রহিত করিলেন। কিন্তু সিমসন কিছু দিন বিদ্যালয়ে থাকিয়া, বিদ্যার আখাদ পাইয়াছিলেন। সুতরাং, ভাল করিয়া লেখা পড়া শিখিতে তাঁহার অত্যন্ত অরুরাগ জন্মিয়াছিল। পিতার ইচ্ছানুসারে, বিদ্যালয় ছাড়িয়া, তন্তবায়ের কর্মে প্রবৃত্ত হইলেন বটে, কিন্তু মনে মনে প্রতিজ্ঞা করিলেন, আমার ভাগ্যে যাহা ঘটুক, ভাল করিয়া লেখা পড়া শিখিব। তিনি কর্ম্ম করিয়া অবসর পাইলেই, পড়িতে বসিতেন; কোন মূতন পুস্তক কোন রূপে পাইলে, ব্যথা চিত্তে তাহা পাঠ করিতেন। ফলতঃ, তিনি লেখা পড়ায় এত অনুরক্ত হইয়াছিলেন যে, কেবল অবসরকালে পাঠ করিয়া তাঁহার তপ্তি হইত না। কখন কখন, কর্মের সময় কর্ম না করিয়া, তিনি পুস্তক পাঠ করিতেন।

পুত্রের লেখা পড়ায় অনুরাগ দেখিলে,
পিতা কত সন্তুই হন, কত ভাল বাদেন, কভ
উৎসাহ দেন। কিন্তু সিমসনের পিতা অতি
আশ্চর্যা লোক ছিলেন। তিনি লেখা পড়ায়
পুত্রের এইরপ অনুরাগ দেখিয়া, অতিশয়
বিরক্ত হইলেন। উৎসাহ দেওয়া দূরে থাকুক,
যাহাতে সিমসন লেখা পড়া ছাড়েন, সাধ্যানু-

সারে তাহার চেফা দেখিতে লাগিলেন। তিনি
লেখা পড়া শিখাকে অলসের কর্ম বিবেচনা
করিতেন; স্থতরাং লেখা পড়ার অধিক যত্ন
করাতে, তাঁহার মতে, সিমসন অলস ও
অকর্মণ্য হইয়া যাইতেছিলেন। এই নিমিত,
তিনি তাঁহাকে সর্বাদা তর্থসনা করিতেন।
সিমসন ভর্থসনায় ক্ষান্ত না হওয়াতে, অবশেষে তাঁহার পিতা অতিশয় কুপিত হইয়া
কহিলেন, যদি তুমি ভাল চাও, বই খুলিতে
পাইবে না, সায়া দিন তাঁতের কর্ম করিতে

যে উদ্দেশে সিমসনের পিতা এই অন্যায়
আজ্ঞা প্রদান করিয়াছিলেন, তাহা সফল হয়
নাই। সিমসন লেখা পড়ায় যেরূপ অনুরক্ত
হইরাছিলেন, তাহাতে তিনি এক বারে লেখা
পড়া ছাড়িয়া দিতে পারিবেন কেন। তিনি,
কর্ম্ম করিয়া অবসর পাইলেই, পড়িতে বসি
তেন; তাঁহার পিতাও, পড়িতে দেখিলে,
অত্যন্ত ক্রোধ করিতেন ও গালাগালি
দিতেন। ফলতঃ, এই উপলক্ষে পিতা পুত্রে

অত্যন্ত বিরোধ ঘটিয়া উঠিল। অবশেষে,
তাঁহার পিতা অতিশয় কুপিত হইয়া কহিলেন, তুমি আমার কথা শুন না, আমি যা
বারণ করি তাই কর; তোমায় স্পাই কহিতেছি, যদি তুমি পড়ায় ক্ষান্ত না হও, আমি
তোমায় বাড়ীতে থাকিতে দিব না।

সিমসন, বাটী হইতে বাহির হইয়া বাই-বেন তাহাও স্বীকার, তথাপি লেখা পড়া ছাড়িবেন না; স্কুতরাং পিতার আলয় হইতে বহিষ্ঠ হইলেন. এবং নিকটবর্ত্তী কোন গ্রামে গিয়া, এক গ্রহস্থের বাটীতে বাসা করিলেন।

এই স্থানে তিনি, তাঁতের কর্ম করিয়া, আপনার অন্ধ বস্ত্র সংগ্রহ করিতেন, এবং কাহার নিকট পুস্তক চাহিয়া পাইলে, তাহাই পাঠ করিতেন। কিছু দিন এই রূপে থাকেন।

এক দিন, সেই গৃহস্থের বাটীতে এক গণক উপস্থিত হইল। এই ব্যক্তির সহিত আলাপ হওয়াতে, সিমসন তাঁহার নিকট অঙ্কবিদ্যা ও গণনা শিধিতে আরম্ভ করি-লেন। অপপ দিনেই, গণনাতে এমন নিপুণ হইয়া উঠিলেন যে, সেই প্রদেশের সকল লোক তাঁহার নিকট ভাল মন্দ গণাইতে আসিত। এই বুতন ব্যবসায় দ্বারা তাঁহার বিলক্ষণ লাভ হইতে লাগিল। তথন তিনি, তাঁতবোনা দ্বাড়িয়া দিয়া, গণকের ব্যবসায় অবলম্বন করিলেন। এই সময়ে তিনি বিবাহ করেন।

এই রূপে, গণকের ব্যবসায় অবলম্বন করাতে, সিমসনের অনু বস্ত্রের ক্লেশ দূর হইল বটে, কিন্তু বিশিষ্টব্লপ বিদ্যা উপা-র্জ্জনের বিলক্ষণ ব্যাঘাত জ্মিল। গণক হইয়া পণ্ডিতসমাজে যাইবার পথ ছিল না। পণ্ডিতেরা গণকদিগকে প্রতারক বলিয়া জানি-তেন, সুতরাং, অত্যন্ত সুণা করিতেন। সিম-সন অনু বস্ত্রের নিমিত্ত অত্যন্ত ক্লেশ পাইয়া-ছিলেন, এজন্য, অগত্যা ঐ ব্যবসায় অব-लम्बन करत्न। अक्तरा जिनि मनन् कतिरलन, কিছু কিছু লাভ হয় এমন কোন ব্যবসায় অব-লম্ব করিতে পারিলেই, এ জ্বন্য ব্যবসায় পরিত্যাগ করিব। অবশেষে, এরপ এক কাণ্ড উপস্থিত হইল যে, তাঁহাকে এক বারে

গণকের ব্যবসায় ছাড়িয়া দিতে ও স্থানত্যাগ করিতে হইল।

এক দিন, একটি স্ত্রীলোক সিমসনের নিকট কোন বিষয় গণাইতে আসিয়াছিল। ঐ গণনাতে চণ্ড নামাইবার আবশ্যকতা ছিল। সিমসন এই অভিপ্রায়ে এক ব্যক্তিকে, বিকট বেশ ধারণ করাইয়া, নিকটবর্তী খড়ের গাদার পাশে বসাইয়া রাখিয়াছিলেন যে, চণ্ডকে আহ্বান করিলেই, ঐ ব্যক্তি উপস্থিত হইবেক। গণনা আরম্ভ হইল; সিমসন আর আর অনুষ্ঠান করিয়া, চণ্ডকে আহ্বান করিবামাত্র, ঐ ব্যক্তি বিকট বেশে উপস্থিত হইল। দেখিতে এমন ভয়ানক হইয়াছিল যে, মেই স্ত্রীলোক অবলোকন**মাত্র ভয়ে অভিভূত** ও অচেতন হইল। ঐ উপলক্ষে তাহার উৎকট রোগ জন্মিল, এবং বুদ্ধিভ্রংশ হইয়া গেল। এই ব্যাপার ঘটাতে, সমস্ত লোক সিমসনের উপর এত কুপিত হইল যে, তাঁহাকে ঐ স্থান পরিত্যাগ করিয়া পলাইতে হইল। এই রূপে, ঐ প্রদেশ হইতে প্লায়ন

করিয়া, সিমসন তথা ছইতে পনর ক্রোশ দূর ডর্বিনগরে গিয়া অবস্থিতি করিলেন; প্রতিজ্ঞা করিলেন, আর কথন চও নামাইব না। কিছ কিছু উপাৰ্জ্জন না হইলে, সংসার চলে না, এজন্য পুনরায় তন্তবায়বৃত্তি অবলম্বন করিলেন। তিনি দিনের বেলায় তাঁতের কর্ম্ম করিতেন, রাত্রিতে বালকদিগকে শিক্ষা দিতেন। এই রূপে, দিবারাত্র শ্রম ও কট করিয়া, যৎ-কিঞ্চিৎ যাহা লাভ হইতে লাগিল, তিনি তদ্বারা কটে আপনার ও পরিবারের ভরণ পোষণ নির্বাহ করিতে লাগিলেন। ফলতঃ, এই সময়ে তিনি অত্যন্ত কটভোগ করিয়া-ছিলেন। পুর্ব্বে একাকী মাত্র ছিলেন, এক্ষণে বিবাহ করিয়া বিপদ্রাস্ত হইয়াছিলেন।

বাহা হউক, তিনি এই সময়ে অন্ন বস্ত্রের
নিমিত্ত যত পরিশ্রম করিতেন, বিদ্যা উপার্জ্জন
বিষয়ে তদধিক পরিশ্রম করিতেন। এই পরিশ্রম দ্বারা, অংশ দিনের মধ্যে, তিনি অন্ধশাস্ত্রে ও পদার্থবিদ্যায় বিলক্ষণ ব্যুৎপন্ন হইয়া
উঠিলেন; এবং অন্ধশাস্ত্রের একখানি এন্থ

রচনা করিলেন। ঐ গ্রন্থ মুদ্রিত করেন এমন ক্ষমতা নাই; এজনা ডবি নগরে পরিবার রাখিয়া, ইংলতের রাজধানী লওন নগরে গমন করিলেন। এই সময়ে তাঁহার বয়ঃক্রম পঁটিশ ছাব্দিশ বৎসর।

সিমসন, লণ্ডনে উপস্থিত হইয়া. এক অতি সামান্য বাসা ভাড়া করিলেন; এবং দিননির্বাহের জন্য, দিনে তাঁতের কর্ম ও রাত্রিতে বালকদিগকে অঙ্কবিদ্যা শিখাইতে লাগিলেন। অঙ্কবিদ্যা অতি দুরহ বিদ্যা। কিন্তু শিক্ষাদানবিষয়ে সিমসনের এমন অসা-ধারণ ক্ষমতা ছিল যে, তিনি বালকদিগকৈ অতিসহজে ও স্কুন্দর রূপে বুঝাইয়া দিতেন। এজন্য, ত্বরায় তাঁহাকে সকলে জানিতে পারিল এবং অনেকে তাঁহার আত্মীয় হইল। ফলতঃ, অল্প দিনের মধ্যেই, শিক্ষকতাকর্ম দারা তাঁহার এরপ লাভ হইতে লাগিল যে, তথায় আপন পরিবার পর্যান্ত আনিতে পারিলেন। এই সময়েই, তিনি অঙ্কবিদ্যার অন্ত মুদ্রিত ও প্রচারিত করিলেন।

এই গ্রন্থ প্রচার অবধি, তাঁহার সেভিাগ্যের দশা উপস্থিত হইল। কিছু দিন পরে, উলউইচের বিদ্যালয়ে গণিতবিদ্যার অধ্যাপক নিযুক্ত হইলেন। অতঃপর, উত্তরোত্তর তাঁহার ধ্যাতি ও সম্পত্তি বৃদ্ধি হইতে লাগিল। কিন্তু ধ্যাতি ও সম্পত্তি লাভ করিয়াও, তিনি পরিশ্রমে বিমুধ হয়েন নাই; অহোরাত্র অধ্যয়নে ও গ্রন্থর হয়েন নাই; অহোরাত্র অধ্যয়নে ও গ্রন্থর হয়েন নাই বিষয়ে অনেক গ্রন্থর রচনা করিয়া গিয়াছেন। এই রূপে তিনি ধ্যাতি, সম্পত্তি ও সম্মান লাভ করিয়া একার বহসের বয়সে দেহতাগি করেন।

আন্তরিক যতু থাকিলে, ও পরিপ্রম করিলে, অবশ্যই বিদ্যালাভ হয়। দেখ! দিমসনের পিতা তাঁহাকে দিন কয়েক মাত্র বিদ্যালয়ে রাখিয়া ছাড়াইয়া লইলেন; কিন্তু তিনি লেখা পড়া ছাড়িলেননা; তাঁহার পিতা সর্বদা বারণ ও ভর্ষনা করিতে লাগিলেন, তিনি তথাপি লেখা পড়া ছাড়িলেন না; অবশেষে, তাঁহার পিতা কুদ্ধ হইয়া তাঁহাকে

বাটা হইতে বাহির করিয়া দিলেন, তিনি তথাপি লেখা পড়া ছাড়িলেন না; তৎপরে কত স্থানে কত কট পাইলেন, তিনি তথাপি লেখা পড়া ছাড়িলেন না। ফলতঃ, লেখা পড়ায়, আন্তরিক যত্ন ছিল এ অত্যন্ত পরিশ্রম করিয়াছিলেন বলিয়া, তিনি মনের মত বিদ্যালাভ করিতে পারিয়াছিলেন, এবং সেই বিদ্যার বলে বিলক্ষণ খ্যাতিলাভ, সম্পত্তিলাভ ও সন্মানলাভ করিয়া গিয়াছেন, এবং চিরস্মরণীয় হইয়াছেন।

উইলিয়ম হটন

ইংলণ্ডের অন্তঃপাতী ডবি নগরে হটনের জন্ম হয়। হটনের পিতা অতি দুঃধী ছিলেন। তিনি পশম পরিজরণকর্ম করিয়া জীবিকা নির্বাহ করিতেন; স্কুতরাং অতি কন্টে বৃহৎ পরিবারের ভরণ পোষণ নির্বাহ হইত। কন্টের কথা অধিক কি বলিব, সনেক দিন এরপ ঘটিত যে, হটনের জননীকে,
সমুদ্র ছোট ছোট ছেলেগুলির সহিত, সমস্ত
দিন উপবাসী থাকিতে হইত, ছেলেগুলি,
ফুধার কাতর ও আহারের নিমিত্ত লালায়িত
হইয়া, জননীকে নিতান্ত বাাকুল করিত।
সায়ংকালে কিছু আহারের সামগ্রী উপস্থিত
হইলে, তাহারা ফুধার জালার কাড়াকাড়ি
করিয়া জননীর ভাগ পর্যান্ত থাইয়া ফেলিত;
জননী সজল নয়নে হাত তুলিয়া বসিয়া থাকিতেন। স্বতরাং তাঁহাকে অনেক দিন জনাহারেই থাকিতে হইত।

হটনের পিতা যাহা উপার্জ্জন করিতেন, তাহাতে অতি কটেও তাঁহার স্ত্রী ও পুত্র কন্যা দিগের ভরণ পোষণ নির্বাহ হইত না। আবার, দুর্ভাগ্যক্রমে, তিনি স্করাপানে আসক্ত হইয়া উচিলেন। সর্বাদা শুঁড়ির দোকানে পড়িরা থাকিতেন; যাহা উপার্জ্জন করিতিন, তাহার অধিকাংশই সুরাপানে ব্যয়িত হইত। স্কুতরাং তাঁহার স্ত্রী ও পুত্র কন্যা দিগের আহারের ক্লেশ আরও অধিক হইয়া

উঠিল। হটন কহিয়াছেন, "আমি এক দিন দিবারাত্রি উপবাসী ছিলাম; পর দিন বেলা দুই প্রহরের সময় ময়দা ও জল ফুটাইয়া কিঞ্চিৎ মাত্র আহার করিয়াছিলাম।"

এরপ দুরবস্থার যেরপ লেখা পড়া হইতে পারে, তাহা অনায়ামে বোধগায় হইতেছে। যাহা হউক, হটনের পিতা হটনকে, তাঁহার পাঁচ বৎসর বয়সের সময়, এক পাঠশালায় পাঠাইয়া দেন। ঐ পাঠশালার শিক্ষক আপন ছাত্রদিগকে লেখা পড়া যত শিখাইতে পারুন না পারুন, তাহাদিগকে বিলক্ষণ প্রহার করিতে পারিতেন। হটন কহিয়াছেন, "আমার শিক্ষক লেখা পড়া কিছুই শিখাই-তেন না, সর্বাদা কেবল চুল ধরিয়া দিয়ালে মাথা ঠুকিয়া দিতেন।" তিনি, দুই বৎসর, এই পাঠশালায় ছিলেন; পরে তাঁহার পিতা তাঁহাকে সাত বৎসর বয়সের সময়, পাঠশালা ছাড়াইয়া, এক রেশমের বানকে নিযুক্ত করিয়া मि(लग।

এই স্থানে হটনের ক্লেশের সীমাছিল না।

তিনি কহিয়াছেন, "এই সময়ে আমাকে প্রতিদিন অতি প্রত্যুবে উঠিতে হইত; বিশেষ ক্রটি হউক না হউক, মধ্যে মধ্যে প্রভুর বেত্র-প্রহার সহা ক্রিতে হইত; আর, যত ছোট লোকের ছেলের সহিত বাস করিতে হইত। তাহারা লেখা পড়া কিছুই জানিত না, এবং লেখা পড়া শিখিতেও তাহাদের ইচ্ছা ছিল না। এক দিনের বেত্রাঘাতে পৃষ্ঠের এক স্থান ক্ষত হইয়া গিয়াছিল। পরে, আর এক দিন প্রহারকালে, বেত্রের অগ্রভাগ লাগিয়া, ঐক্ষত এমন প্রবল হইয়া লঠিল যে, তদুষ্টে সকলে এই আশস্কা করিতে লাগিলেন, ঘা ভাল হওয়া কঠিন হইয়া উঠিবেক, আর, হয় ত, ক্রমে ক্রমে সমুদয় পীঠ পচিয়া যাইবেক।"

হটন, এই রূপে এই স্থানে সাত বৎসর কাটাইলেন। পরে, তাঁহার চৌদ্দ বৎসর বয়সের সময়, তাঁহার পিতা তাঁহাকে, তথা হইতে আনিয়া, আপন এক লাতার নিকট রাধিয়া দিলেন। এই ব্যক্তি নটিংহম নগরে মোজা বোনা ব্যবসায় করিতেন। হটন, পিকৃব্যের নিকট থাকিয়া, মোজা বোনা শিখিতে লাগিলেন। তাঁহার পিতৃব্য নিতান্ত মন্দ লোক ছিলেন না; কিন্তু পিতৃব্যপত্নী অতিশয় দুর্বতা। তিনি আপন স্বামীকে, ও স্বামীর নিকট যাহারা কর্মা করিত, তাহা-দিগকে, অত্যন্ত আহারের ক্লেশ দিতেন।

এইরূপ ক্লেশ পাইয়াও, ছটন পিতৃব্যের নিকট তিন বৎসর অবস্থিতি করিলেন। এক দিবস, তাঁহার পিতৃতা তাঁহাকে কহিলেন, আজি তোমায় এই কর্ম সমাপন করিতে इहेरिक। (म पिरम, (महे कर्म्म मंगार्थ इहेग्री উঠিল না। এজন্য. ভাঁহার পিতৃব্য, ভাঁহাকে অলম ও অমনোযোগী স্থির করিয়া, প্রথমতঃ, যথোচিত তিরস্কার করিলেন; পরিশেষে, ক্রোধে অন্ধ ও নিতান্ত নির্দয় হইয়া, অতিশয় প্রহার করিলেন। হটনের মনে অত্যন্ত যুগা ও অপমান বোধ হইল। তথন, তিনি তথা হইতে পলায়ন করা স্থির করিলেন, এবং এক দিন সুযোগ পাইয়া আপনার কাপড়গুলিও পিতৃব্যের বাক্স হইতে একটি টাকা পথধরচ লইয়া, পলায়ন করি-লেন।

এই স্থান হইতে পলায়ন করিয়া, হটন যেরপ কট পাইয়াছিলেন, তাহা শুনিলে, স্কান্ত দুঃথ উপস্থিত হয়। তিনি, কোন স্থান্তার না পাইয়া, প্রথম রাত্রি এক মাঠে শয়ন করিয়া কাটাইলেন, এবং প্রভাত হইবা-মাত্র, পুনরায় প্রস্থান করিলেন। কিন্তু কোন্ দিকে যান, কি জন্যেই বা যান, যাইয়াই বা কি করিবেন, তাহার কিছুই ঠিকানা ছিল না।

তিনি কহিয়াছেন, "এই রপে সমস্ত দিন
ভ্রমণ করিয়া, সায়ংকালে লিচ্ফিল্ডের নিকট
উপস্থিত হইলাম; নিকটে এক খামার
দেখিয়া মনে করিলাম, আজি উহার মধ্যে
থাকিয়া রাত্রি কাটাইব। কিন্তু থামারের
দার রুদ্ধ করা ছিল, স্কুতরাং উহার ভিতরে
যাইতে পারিলাম না। তথন, পুটলী খুলিয়া
কাপড় পরিলাম, এবং অবশিষ্ট কাপড়
প্রভৃতি যাহা ছিল, সমুদ্র বাঁধিয়া বেড়ার
আড়ালে লুকাইয়া রাধিয়া, নগর দেখিতে

গেলাম। দুই ঘন্টা পরে ফিরিয়া আসিয়া কাপড় ছাড়িলাম। অপ্প দূরে আর একটি খামার ছিল, হয় ত, ঐ থানে থাকিবার জায়গা পাইব, এই মনে করিয়া, সেখানে গিয়া দেখিলাম, সেখানেও থাকিবার উপায় নাই; সুতরাং ফিরিয়া আসিলাম; ফিরিয়া আসিয়া দেখিলাম, আমার কাপড়ের পুটলী নাই। তখন, হতবৃদ্ধি হইয়া, বিস্তর খেদ ও রোদন করিলাম। আমার খেদ ও রোদন শুনিয়া, কতকগুলি লোক সেই স্থানে উপ-স্থিত হইলেন। তাঁহারা, দেখিয়া শুনিয়া. একে একে সকলে চলিয়া গেলেন। আমি একাকী সেই স্থানে বসিয়া রোদন করিতে লাগিলাম।

"কোন ব্যক্তি কখন এমন বিপদে পড়ে মা । বিদেশে আসিয়া সর্কত্ব হারাইরা, রাত্তি দুই প্রহরের সময়ে, একাকী মাঠে বসিয়া, গালে হাত দিয়া, কতই ভাবিতে লাগিলাম। এক কপর্দ্ধক সম্বল নাই, কাহার সহিত আলাপ নাই, লাভের কোন উপায় নাই, শীব্র লাভের কোন উপায় হইবেক তাহারও সন্তাবনা নাই, কালি কি থাইব তাহার সংস্থান নাই; কোথায় যাইব, কি করিব, কাহাকে কহিব, তাহার কোন ঠিকানা নাই। আনেক ক্ষণ ভাবিতে ভাবিতে নিদ্রাকর্ষণ হইল। তথন ভূতলে শয়ন করিয়া, রাত্রিযাপন করিলাম।"

পর দিন প্রভাত হইবামাত্র, হটন পুনরায় প্রস্থান করিয়া বরমিংহম্ নগরে উপস্থিত হই-**(लब। এই दिन अ**ना दर्गन आंश्रतमामधी জুটিয়া উঠিল না, কেবল পথের খারে যে সকল ক্ষেত্র ছিল, তাহা হইতে কিছু ফল মূল লইয়া, তিনি সে দিনের ক্ষুধানিবৃত্তি করিলেন। পরিশেষে, নিতান্ত নিরুপায় দেখিয়া, তিনি এই স্থির করিলেন, পুনরায় পিতার শরণাপন্ন হই, তিনি যা করেন। পিতার নিকট উপস্থিত হইলে, তিনি তাঁহাকে পুনরায় ভাঁহার সেই নির্দয় পিতৃব্যের নিকটে পাঠাইয়া দিলেন। তাঁহাকে অগত্যা, তথার गिन्ना, कमाथार्थना कतिए इहेन। शिक्राड,

ক্ষমা করিয়া, তাঁহাকে পূর্ব্ববং কর্মা করিতে দিলেন।

পিতৃব্যের আবাসে আসিয়া থাকিতে থাকিতে, তাঁহার ভাল করিয়া লেখা পড়া শিখিতে অতিশয় ইচ্ছা হইল। তিনি অবস্রকালে মন দিয়া লেখা পড়া করিতে লাগিলেন, এবং যত্ন ও পরিশ্রমের গুণে, অপপ দিনেই, বিলক্ষণ শিখিতে পারিলেন। কিছু দিন পরেই, তিনি শ্লোকরচনা করিতে আরম্ভ করিলেন।

মোজা বোনা কর্মে পরিশ্রম বিস্তর, লাভ তাদৃশ নাই, দেখিয়া, তিনি পিতৃবের আলয় পরিতাগে করিলেন, এবং আপন এক ভগিনীর বাটীতে গিয়া রহিলেন। এই ভগিনী অতিশয় সুশীলা ছিলেন। তিনি ভাতাকে অত্যন্ত স্নেহ করিলেন, এবং ষাহাতে তিনি মাছ্দের থাকেন, ও উত্তর কালে যাহাতে তাঁহার ভাল হয়, তিরিবয়ে বিশেষ যত্নবতী ছিলেন।

হটন পুস্তকবিক্রয়ের ব্যবসায় করিবার

্নিমিত অত্যন্ত ইচ্ছুক হইলেন। নটিংহ্য্ নগরের সাত ক্রোশ দূরে, সেথিওএল নামে এক নগর আছে; তথায় তিনি পুস্তকের দোকান খুলিলেন। ইতিপুর্বে, তিনি বই বাঁধা কর্ম শিখিয়াছিলেন; সপ্তাহের মধ্যে, কেবল শনিবার সৌথওএলে গিয়া, বই বিক্রয় করিয়া আসিতেন, আর কয়েক দিন বই বাঁধিতেন। তিনি শনিবার প্রভূাষে গাত্রো-থান করিতেন, পুস্তকের মোট মাথায় করিয়া, র্মোথওএলে গিয়া, বেলা দশ ঘন্টার সময় দোকান খুলিতেন, এবং সমস্ত দিন বিক্রয় করিয়া, রাত্রিতে নটিংহমে ফিরিয়া আসিতেন। এই রূপে, হটন কিছু দিন অতি কটে কাটাইলেন; পরে, অনেকগুলি পুরাণ পুস্তক শস্তা পাইয়া, সমুদয় ক্রয় করিলেন,এবং সৌধ-ওএলের দোকান এক বারে বন্ধ করিয়া, বরমিং হ্ম নগরে আসিয়া, এক দোকান খুলিলেন। এই স্থানে কিছু দিন কর্ম করিয়া, ধরচ বাদে

প্রায় দুইশত টাকা লাভ হইল। এই রূপে কিছু সংস্থান হওয়াতে, তিনি কর্মের বাছল্য করিলেন। ন্যায়পথে চলিয়া, ও অবিপ্রান্ত পরিশ্রম করিয়া, চারি পাঁচ বৎসরে, তিনি বিলক্ষণ সঙ্গতিপন্ন হইয়া উঠিলেন এবং বিবাহ করিলেন।

ইতিপুর্বের, তিনি নানা কর্ম্মে সবিশেষ
ব্যস্ত থাকিয়াও, যত্ন ও পরিপ্রামের গুণে,
বিলক্ষণ লেখা পড়া শিথিয়াছিলেন; এক্ষণে,
নানা কর্মে অতিশয় ব্যস্ত থাকিয়াও, অন্থরচনা করিতে আরম্ভ করিলেন, এবং ক্রমে
ক্রমে নানা অন্থ রচনা করিয়া, পণ্ডিত সমাজে
গণ্য ও আদরণীয় হইয়া উঠিলেন।

এই রূপে হটন, অশেষ কট ভোগ করি-রাও, আপন যত্নে ও পরিশ্রমে বিদ্যা, খ্যাতি ও সম্পত্তি লাভ করিয়া, নিরনকাই বৎসর বয়সে দেহত্যাগ করেন।

্দেখ! এই ব্যক্তি কেমন অন্তুত মনুষ্য; বিষম দুরবস্থায় পড়িয়াছিলেন, তথাপি আপন যত্ত্বে ও পরিশ্রমে কেমন বিদ্যালাভ, কেমন খ্যাতিলাভ, কেমন সম্পত্তিলাভ করিয়া গিয়া-ছেন। ফলতঃ, যত্ত্ব ও পরিশ্রম করিলে, সম্ভবমত বিদল, খ্যাতি, সম্পত্তি, সকলই লাভ করা যাইতে পারে।

ওগিলবি

প্রতিলবি বাল্যকালে অতি সামান্যরূপ লেখা পড়া শিথিয়াছিলেন। তাঁহার পিতা ঋণগ্রস্ত ছিলেন; ঋণপরিশোধ করিতে না পারাতে, উত্তমর্ণ, বিচারালয়ে অভিযোগ করিয়া.তাঁহাকে কারাক্রদ্ধ করেন। স্তরাং, নিজে কিছু কিছু উপার্জ্জন করিতে না পারিলে, প্রতিলবির চলা ভার। কিন্তু তিনি তাদৃশ লেখা পড়া জানিতেন না; উপায়ান্তর দেখিতে না পাইয়া, অবশেষে নর্ত্তকের ব্যবসায় অবলম্বন করিলেন। এই ব্যবসায়ে তাঁহার বিলক্ষণ নৈপুণ্য জন্মিল। কিছু টাকা হস্তে হইবামাত্র, তিনি সর্কাণ্ডে পিতাকে কারগায় হইতে মুক্ত করিলেন।

কিছু দিন পরে, কোন কারণ উপস্থিত

ইওয়াতে, তাঁহাকে নর্ভকের ব্যবসায় পরিত্যাগ করিতে হইল। স্থতরাং, তিনি পুনরার দুংখে পড়িলা, কিছু অর্থ ব্যর করিয়া, তিনি পুনরায় ডবলিন নগরে একটি সামান্য নাট্যশালা স্থাপন করিলেন। এই নাট্যশালা দ্বারা তাঁহার কিছু কিছু লাভের উপক্রম হইল। কিন্তু সেই সময়ে রাজ্বিটোই উপলক্ষে যুদ্ধ উপস্থিত হওয়াতে, তাঁহার লাভের পথ রুদ্ধ হইয়া গেল। নাট্যশালার সমুদ্র ডব্যসামগ্রী লুণ্ঠিত হইল, এবং তাঁহার নিজের প্রাণসংশয় পর্যান্ত ঘটিয়া উঠিল।

এই রূপে, ষৎপরোনাস্তি দুঃখে পড়িয়া ও বিপদ্পান্ত হইয়া, ও গিলবি লগুনে প্রত্যাগমন করিলেন। তথায় তিনি কেম্বুজ বিদ্যালয় সংক্রান্ত কোন ব্যক্তির বিশিক্টরূপ সাহায্য পাইয়া, লাটিন শিখিতে আরম্ভ করিলেন। এই সমরে, তাঁহার বয়স চল্লিশ বৎসরের অধিক। ইহার পূর্বে তাঁহার ভাল করিয়া লেখা পড়া শিখা হয় নাই। তিনি, এত বয়সে শিখিতে আরম্ভ করিয়াত অপপ দিনেই, লাটিন ভাষায় বিলক্ষণ বৃৎপন্ন হইয়া উঠিলেন, এবং বর্জিলনামক স্থপ্রসিদ্ধ লাটিন কবির রচিত কাব্যের ইঙ্গরেজী ভাষায় পদ্যে অনুবাদ করিলেন। এই গ্রন্থ, মুদ্রিত হইয়া, সর্বার আদরপূর্বাক পরিগৃহীত হইল; এবং গ্রন্থকার বিলক্ষণ লাভ হইল। তদ্ধনে তাঁহার অভিশয় উৎসাহবৃদ্ধি হইল।

থীক ভাষায় হোমরনামক মহাকবির রচিত ঈলিয়ড ও অভিসি নামক দুই অভ্যুৎক্ষট কাব্যে আছে। ইঙ্গরেজী ভাষায় পদ্যে ঐ দুই কাব্যের অনুবাদ করিবার নিমিত, ওগিলবির অত্যন্ত, ইচ্ছা হইল। এ পর্যান্ত তিনি থীক ভাষার বিন্দু বিসর্গও জানিতেন না। এক্ষণে তাঁহার বয়স চুয়াল্ল বৎসর; তথাপি তিনি থীক পড়িতে আরম্ভ করিলেন, এবং কিছু দিনের মধ্যেই, থীক ভাষায় বিলক্ষণ ব্যুৎপল্ল হইয়া, ঐ দুই কাব্যের অনুবাদ করিয়া, মুডিত ও প্রচারিত করিলেন। এই দুই এছও আদ্রস্থাক পণ্ডিতসমাজে পরিগৃহীত হইল।

ইতিমধ্যে, গুগিলবি পুনরায় ডবলিন নগরে গিয়া, এক মূতন নাট্যশালা স্থাপন করিয়া-ছিলেন; এবং তদারা বিলক্ষণ লাভও হইয়া-ছিল। বস্তুতঃ, এই সময়ে তিনি সম্যক্ সুখে ও সচ্ছন্দে ছিলেন; অর্থের অভারজন্য কোন ক্লেশ ছিল না। অবশেষে, ডবলিন্ নগরে ভূমি আদি যে কিছু সম্পত্তি ছিল, সমুদর বিক্রয় করিয়া, তিনি পুনরায় লওনে আসিয়া বাস করিলেন। তাঁহার বাস করিবার অব্যবহিত পরেই, লগুনে বিষম অগ্নিদাহ হইল, তাহাতে তাঁহার সর্বস্ব দগ্ধ হইয়া গেল। অগ্নিদাহে সর্বস্বান্ত হওয়াতে, তিনি शूनवीत शूर्वित नात विवय मृश्र शिष्टिन ।

এই রূপে, তিনি বিষম দুঃখে পড়িলেন বটে, কিন্তু তাহাতে হতবৃদ্ধি বা ভয়োৎ-সাহ হইলেন না; বরং উৎসাহ ও পরিশ্রম সহকারে রূতন রূতন প্রন্তের অনুবাদ প্রভৃতি কর্ম করিয়া ত্বরায় গুছাইয়া উঠিলেন; যথ-কিঞ্চিৎ সংস্থান করিয়া, পুনরায় বস্তিবাটী নির্মাণ করাইলেন; এবং একটি ছাপাধানা ছাপন করিলেন। ছাপাখানা দ্বারা তিনি পুনরায় সৃদ্ধতিপন্ন হইয়া উঠিলেন। ছিয়াতর বংসর বয়সে এগিলবির স্তৃত্য হয়।

দেখ! ওগিলবি কেমন লোক। তিনি কত বার কত বিপদে ও কত দুঃখে পড়ি-লেন; কিন্তু উৎসাহ ও পরিশ্রমের গুণে, প্রতিবারেই গুছাইয়া উঠিলেন। উৎসাহ ও পরিপ্রমের গুণে, চল্লিশ বৎসরের অধিক বয়সে লাটিন পড়িতে আরম্ভ করিয়া, তাহাতে ব্যুৎ-পন্ন হইলেন; উৎসাহ ও পরিপ্রমের গুণে, চুয়াম বৎসর বয়সে গ্রীক পড়িতে আরম্ভ করিয়া, তাহাতেও ব্যুৎপন্ন হটলেন; অগ্নি-দাহে সর্বস্বান্ত হইয়া গেল; কিন্তু উৎসাহ ও পরিশ্রমের গুণে, পুনরায় গৃহাদিনির্মাণ ও সংস্থান করিয়া, শেষ দশা সুথে ও সচ্ছদে ষাপন করিলেন। ফলতঃ, কেবল উৎসাহ ও পরিপ্রমের গুণে, তিনি বৃদ্ধ বয়সে লেখা পড়া শিথিয়াছিলেন, এবং স্থাথে ও সচ্ছন্দে কালক্ষেপণ করিতে পারিয়াছিলেন। যদি তিনি উৎসাহহীন ও পরিশ্রমকাতর হইতেন, তাহা হইলে, অধিক বয়সে লেখা পড়াও হইত না, এবং দুঃখেরও সীমা থাকিত না।

জ্বতএব, উৎসাহ ও পরিপ্রাম বিদ্যা ও সম্পত্তির মূল, তাহার সন্দেহ নাই।

नौडन

ক্ষট্লণ্ডের দক্ষিণাংশে, রক্সবরশায়র প্রদেশে ডেন্হলমনামক এক গ্রাম আছে। তথায় লীডনের জন্ম হয়। লীডন অতি দুঃখীর সন্তান। তাঁহার পিতা জন খাটিয়া প্রতিদিন যাহা পাইতেন, তাহাতেই অতিকটে সংসার নির্বাহ করিতেন।

লীডনের জন্মের এক বৎসর পরে, তাঁহার পিতা সপরিবারে, শশুরালয়ে গিয়া, বাস করেন। তথায় তিনি যোল বৎসর থাকেন। এই যোল বৎসরের কিছু কাল মেষরক্ষকের কর্ম করেন, আর কিছু কাল শশুরের ক্ষেত্র-সংক্রোস্ত সমুদয় কর্ম ক্রেন। তাঁহার শশুর অন্ধ হইয়াছিলেন; স্থতরাং, তিনি নিজে ক্ষেত্রের কোন কর্ম করিতে পারিতেন না।

এই স্থানে, লীডন তাঁহার মাতামহীর নিকটে লেখা পড়া শিখিতে আরম্ভ করি-লেন। কিছু শিথিয়াই, ভাল করিয়া লেখা পড়া শিথিবার নিমিত্ত, তাঁহার অত্যন্ত যতু হইল। অপ্পাদিনের মধ্যেই তিনি অনেক শিখিয়া ফেলিলেন। কোন বিদ্যালয়ে প্রবিষ্ট হইতে না পারিলে, উত্তম রূপে লেখা পড়া শিখা হয় না; কিন্তু পিতা মাতার অসক্তি প্রযুক্ত, কিছু কাল ওাঁহার সে স্থযোগ ঘটিয়া উঠিল না। পরে, দশ বৎসর বয়সের সময়, তিনি এক বিদ্যালয়ে প্রবিষ্ট হইলেন।

कि ए निन शरत है, अ शार्रिमानात निका-কের হত্য হইল। স্কুডরাং, লীডনের লেখা পড়া শিথিবার যে সুযোগ ঘটিয়াছিল, তাহা গেল। কিন্তু ভাল করিয়া লেখা পড়া শিখি-বারনিমিত, তাঁহার আন্তরিক যতু ও অনুরাগ জ্বিরাছিল। শিথিবার সুযোগ গেল বলিয়া, তিনি এক বারে লেখা পড়া পরিত্যাগ করি- লেন না; অন্যের সাহায্য না পাইয়াও, স্বরং প্রাণপণ যতু করিয়া, বিলক্ষণ শিক্ষা করিতে লাগিলেন। ডেন্হলম গ্রামে ডক্ষন নামে এক পাদরি ছিলেন। তিনি কিছু দিন লীডনকে লাটিন শিথাইলেন; আর, লীডন স্বরং পরি-শ্রম করিয়া, বিনা সাহায্যে, গ্রীক শিক্ষা করি-লেন।

কট্লণ্ডের ক্ষিজ্ঞীবীরা যে বালককে বুদ্ধিনান্ ও লেখা পড়ায় যতুবান্ দেখে, তাহাকে পাদরি করিবার নিমিত যতু পায়। তাহার কারণ এই যে, অন্যান্য কর্ম অপেক্ষা পাদরির কর্ম অনায়াদে হইতে পারে। লীডনের পিতা, তাঁহার লেখা পড়ায় যতু ও শিখিবার ক্ষমতা দেখিয়া, মনে মনে বাসনা করিয়াছিলেন, তাঁহাকে পাদরি করিবেন। তদস্পারে তিনি, ঐ কর্মের উপবোগী লেখা পড়া শিখাইবার নিমিত, পুত্রকে এডিন্বরার কালেজে প্রবিষ্ট করিয়া দিলেন।

এ পর্যান্ত, লীডন ভাল করিয়া লেখা পড়া শিখিবার সুযোগ পান নাই; এক্ষণে কালেকে

প্রবিষ্ট হইয়া, প্রাণপণে পরিপ্রাণ করিয়া, মনের সাথে লেখা পড়া শিখিতে লাগিলেন। তিনি, কিছু কাল কালেজে থাকিয়া, অন্তত পরিশ্রম সহকারে লাটিন, ত্রীক, ফরাসি, कर्मन, स्थानिन, इंटानीय, প্রাচীন আইস-লণ্ডিক, হিব্রু, আরবি, পারসী, এই দশ ভাষা, এবং ধর্মনীতি ও গণিতবিদ্যা উত্তম রূপে শিথিলেন, এবং পদার্থবিদ্যা, চিকিৎসাবিদ্যা প্রভৃতি আর কয়েক বিদ্যাও একপ্রকার শিক্ষা করিলেন। যাহার। উত্তর কালে পাদরি হই-বার নিমিত্ত বিদ্যা শিখিত, অধ্যাপকেরা তাহাদের নিকট কিছু না লইয়া, লেখা পড়া শিখাইতেন, এই নিমিত্ত, লীডন এত শিধিতে পারিয়াছিলেন।

এই রূপে, পাঁচ ছর বৎসর কালেঞ্জে থাকিয়া, লীডন বিলক্ষণ বিদ্যা উপার্জ্জন করি-লেন। কিন্তু, তাঁহাকে অর্থের অসক্ষতিনিবন্ধন বিস্তর ক্লেশ পাইতে হইয়াছিল। তিনি যে সকল পুস্তক পাঠ করিতেন, তাহার অধিকাং-শই অন্যের নিকট হইতে চাহিয়া আনিতেন। যে সকল পুস্তক চাহিয়া পাএয়া যাইত না,
তাহা কিনিতে হইত; কিন্তু, কিনিবার সক্ষতি
ছিল না। যাহা কিছু তাঁহার হস্তে আসিত,
আহারাদির ক্লেশ স্বীকার করিয়াও, তিনি
তাহার অধিকাংশ দ্বারা পুস্তক ক্রয় করিতেন।
লীডনের দুঃখ দেখিয়া, কালেজের এক
অধ্যাপক, অনুগ্রহ করিয়া, তাঁহাকে এক পড়ান
কর্ম জুটাইয়া দেন। তাহাতে লীডনের বিস্তর
আনুকুল্য হয়। বালকদিগকে শিক্ষা দিয়া,
যে সময় থাকিত, সে সময়ে তিনি অনন্যমনাও
অনন্যকর্মা হইয়া, স্বয়ংলেখা পড়া করিতেন।

লীডন অসাধারণ যত্নে ও অসাধারণ পরিপ্রমে যে অসাধারণ বিদ্যা উপার্জ্জন করি-য়াছিলেন, তদ্বারা তিনি বিধ্যাত হইরা উঠিলেন। তাঁহার পরিপ্রমের ও বিদ্যালাভের কথা যে গুনিত, সেই চমৎক্রত হইত ও প্রশংসা করিত। ক্রমে ক্রমে, সেই প্রদেশের অনেক বিদান্ ও বিদ্যানুরাগা সন্ত্রান্ত লোকের সহিত তাঁহার আলাপ হইল। তাঁহারা সকলেই বথেষ্ট মেহ ও সমাদের করিতেন, এবং যাহাতে তাঁহার ভাল হয়, সে বিষয়ে যতুবান ছিলেন।

কিছু দিন পরে, তিনি পাদরির কর্মে नियुक्त रहेलन; किन्नु भ कर्म, छोहात्र भरना-নীত না হওয়াতে, অম্প দিনের মধ্যেই, পরিত্যাগ করিলেন; এবং মনে মনে স্থির করিলেন, কাব্যরচনা করিব, এবং তাহা বিক্রয় বরিয়া যাহা লাভ হইবেক, তাহাতেই জীবিকা নির্বাহ করিব। কিন্তু, এই ব্যবসায় দ্বারা যে লাভের সম্ভাবনা ছিল, তাহাতে চলা ভার। এজন্য, তাঁহার আত্মীয়েরা তাঁহাকে কোন লাভকর বিষয়কর্মে নিযুক্ত করিবার চেটা **দেখিতে** লাগিলেন। তাঁহারা, বোর্ড অব কন্টোলের এক সেম্বরের নিকট লীডনের বিদ্যা, বুদ্ধি ও স্বভাবের পরিচয় দিয়া, তাঁহাকে ভারতবর্ষে কোন কর্মে নিযুক্ত করিয়া পাঠাইতে অনুরোধ করিলেন।

এই সময়ে, ভারতবর্ষে ডাক্তরি ভিন্ন অন্য কর্ম্মের স্থবিধা ছিল না। কিন্তু, চিকিৎসা-বিদ্যায় পরীক্ষা দিয়া, উত্তীর্ণ হইয়া, প্রশংসা- পত্র না পাইলে, কেহ ডাক্তরিকর্ম পাইতে পারে না । ইতিপুর্বে লীডন কালেজে চিকিৎসাবিদ্যাও কিছু শিধিয়াছিলেন; এক্ষণে তিনি, অনন্যমনা ও অনন্যকর্মা হইয়া, উক্ত বিদ্যা শিধিতে আরম্ভ করিলেন; এবং অদ্ভুত পরিশ্রম করিয়া, অপপ দিনের মধ্যেই, ঐ বিদ্যায় স্থাশিক্ষিত ও পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, প্রশংসাপত্র পাইবামাত্র, ডাক্তরিকর্মে নিযুক্ত হইয়া, ভারতবর্ষে আসিলেন।

লীডন, মান্দ্রাজে উপস্থিত হইরা, কর্মা
করিতে আরম্ভ করিলেন। কিন্তু, সেধানকার
জল বায়ু তাঁহার পক্ষে অসহ্য হইরা উঠিল।
তিনি অবিলয়ে নানা রোগে আক্রান্ত হইলেন;
এজনা, মান্দ্রাজ পরিত্যাগ করিরা, তাঁহাকে
কিছু দিন মালাকা উপদ্বীপে থাকিতে হইল।
তিনি এই স্থানে থাকিরা, স্বাস্থ্যলাভ করিরা,
কলিকাতার উপস্থিত হইলেন। তৎকালীন
গবর্ণর জেনেরল লার্ড মিন্টো, তাঁহার গুণের
পরিচয় পাইয়া, আহ্লাদিত হইয়া, তাঁহাকে

কোর্ট উইলিয়ম কালেজে অধ্যাপক নিযুক্ত করিলেন। কিছু দিন পরেই, তিনি চরিল পরগনার জজের পদে নিযুক্ত হইলেন।

এই পদে অধিক বেতন ছিল। অধিক টাকা পাইলে, অনেকে বাবুগিরি করিয়া থাকেন। কিন্তু লীডন সেপ্রকার লোক ছিলেন না । তিনি বাবুগিরিতে এক পয়সাও ব্যয় করিতেন না; ন্যাধ্য ধরচ করিয়া, বেতনের যাহা অবশিষ্ট থাকিত, তাহার অধিকাংশই এতদেশীয় ভাষা ও বিদ্যা শিক্ষা এবং এত-দ্বেশীয় পুস্তক সংগ্রহ বিষয়ে ব্যয় করিতেন। তিনি এতদেশীয় ভাষা ও বিদ্যা শিক্ষা বিষয়ে অত্যন্ত যতুবান হইয়াছিলেন। যতুের কথা অধিক কি বলিব, তিনি এক মুহূর্ত্তও व्या नके ना कतिया, ले विषयाई निविके थाकि-তেন। এই সময়ে, তিনি এক আত্মীয়কে এই মর্মে পত্র লিখিয়াছিলেন, যদি আমি সর উইলিয়ম জোন্স অপেক্ষা শতগুণ অধিক না শিধিয়া মরি, তাহা হইলে, যেন আমার জন্যে কেই অঞ্পাত না করে।

কিছু দিন পরেই, গবর্ণর জেনেরল, সৈন্য লইরা, জাবাদ্বীপ জয় করিতে গেলেন। লীডন সেই দেশের ভাষা, বিদ্যা ও রীতি নীতি অবগত হইবার মানসে. ঐ সঙ্গে গমন করি-লেন। সেথানকার জল বায়ু অত্যন্ত মন্দ। কয়েক দিন পরেই, তাঁহার কম্পত্মর হইল। তিনি শ্যাগত হইলেন, এবং তিন দিনের জ্বেরই প্রাণত্যাগ করিলেন। এই সময়ে, তাঁহার ছত্রিশ বৎসর মাত্র বয়ঃক্রম হইয়াছিল।

লীডন অতি দুঃখীর সন্তান। পিতা
মাতার এমন সন্ধতি ছিল না, তাঁহাকে ভাল
করিয়া লেখা পড়া শিখান। কিন্তু তিনি কত
ভাষা ও কত বিদ্যা শিখিয়াছিলেন। অনুধাবন করিয়া দেখ, কেবল অসাধারণ যতুও
অসাধারণ পরিশ্রম লীডনের এই সমস্ত ভাষা
ও এই সমস্ত বিদ্যা শিক্ষার মূল।

জেম্বন

কাফরিজাতি অতি নির্বোধ, কিছুই লেখা পড়া জানে না। অনেকে মনে করেন, এই জাতির বুদ্ধি এত অপপ যে, এতজ্জাতীয় কেহ কথন লেখা পড়া শিখিতে পারিবেক না। কিন্তু, এক্ষণে যের্তান্ত লিখিত হইতেছে, তাহাপাঠ করিলে, এই ভ্রম দূর হইতে পারিবেক।

এক কাফরিরাজের রাজ্যে ইলরেজেরা বাণিজ্য করিতে যাইতেন। ইয়ুরোপীয় লোকেরা, লেখা পড়া জানেন বলিয়া, কাফরি-জাতি অপেক্ষা সকল অংশে উৎক্রউ, ইহা দেখিয়া, কাফরিরাজ আপন পুত্রকে লেখা পড়া শিখাইবার নিমিত্ত অত্যন্ত ব্যথ্য হই-লেন, এবং স্কট্লগুনিবাসী স্বান্টননামক এক জাহাজী কাপ্তেনের নিক্ট প্রস্তাব করিলেন, যদি আপনি আমার পুত্রকে, স্বদেশে লইয়া গিয়া স্থানিজত করিয়া আনিয়া দেন, তাহা হইলে, আমি আপনকার সবিশেষ পুরস্কার করিব। স্বান্টন রাজার প্রস্তাবে সম্মত হইলেন। তিনি, কাফরিরাজের পু্দ্রকে স্থদেশে লইয়া গিয়া, তাঁহার লেখা পড়া শিখিবার বন্দোবস্ত করিবার চেফা দেখিতেছেন, এমন সময়ে হঠাৎ তাঁহার স্তুয় হইল। কাফরিরাজের পুত্র বিষম বিপদে পড়িলেন। যাঁহার সঙ্গে গিয়াছিলেন, তাঁহার স্তুয় হইল; এখন তাঁহাকে খাএয়ার পরায়, অথবা লেখা পড়া শিখায়, এমন আর কেহ নাই; তিনি কোখায় যাইবেন, কি করিবেন, কিছুই ভাবিয়া ছির করিতে পারেন না।

এক পাস্থনিবাসে স্থান্টনের স্থা হয়। কাকরিরাজের পুত্র সেই স্থানেই কিছু দিন থাকিলেন। সেই পাস্থনিবাসের কর্ত্রী, এক বিবি, ওাঁহাকে নিতান্ত নিরাশ্রম দেখিয়া, দয়া করিয়া, কয়েক দিন আহার দিয়াছিলেন।

কিছু দিন পরে, স্থান্টনের নিকটকুটুয় এক ক্রযক, সেই পান্থনিবাসে আসিরা, কাফরিরাজের পুত্রকে আপন আলয়ে লইরা গেলেন। এই স্থানে তিনি প্রথমতঃ কিছু কাল রাধালের কর্ম করিলেন।

রাজা নিজ পুল্রের কি নাম রাধিয়াছিলেন, তাহা পরিজ্ঞাত নহে। স্থানফন তাঁহার নাম জেক্ষিন্স রাখিয়াছিলেন; তদরুসারে, কাফরি-রাজের পুত্র জেল্পিন নামেই প্রসিদ্ধ হই-রাছেন। জেক্ষিষ্ণ দৃঢ়কার হইলে পর, লেডলানামক এক ব্যক্তি, তাঁহার প্রতি সদয় হইয়া, তাঁহাকে আপন বাটাতে লইয়া রাখি-লেন। এই স্থানে তিনি সকল কর্মাই করিতে লাগিলেন; কখন রাখালের কর্ম করি-তেন, কখন ক্লয়কের কর্মা করিতেন, কখন স ইসের কর্ম করিতেন। তিনি অত্যন্ত মেধারী ছিলেন বলিয়া, তাঁহার বিশেষ কর্ম এই निर्मिष्ठे हिल, मर्ऋथिकांत्र मः वाम लहेशा, হাউইকনামক স্থানে যাইতে হইত।

এই সময়েই, বিদ্যাশিক্ষাবিষয়ে তাঁহার প্রথম অন্তর্মা জল্মে। তাঁহার বিলক্ষণ স্মরণ ছিল, পিতা তাঁহাকে বিদ্যাশিক্ষা করিবার নিমিত পাঠাইরাছিলেন। কিন্তু, বিদেশে আসিরা, বিষম দুরবন্থায় পড়িয়া, তাঁহাকে বিদ্যাশিক্ষার আশা এক বারেই অরিত্যাগ

করিতে হইয়াছিল। তথাপি, তিনি মনো-মধ্যে ভির করিয়া রাখিয়াছিলেন, যদি কখন সুযোগ পাই; যত দূর পারি, পিতার মানস পূর্ণ করিব। এক্ষণে, লেডলার পুত্রদিগকে লেখা পড়া করিতে দেখিয়া, ভাঁহারও লেখা পড়া শিধিতে অত্যন্ত ইচ্ছা হইল। তিনি সুযোগক্রমে ঐ বালকদিগের নিকট, উপদেশ লইতে আরম্ভ করিলেন। কিন্তু, দিনের বেলার, তাঁহার কিছুমাত্র অবসর ছিল না; এ নিমিত্ত, নিয়মিত কর্ম সমাপন করিয়া, যখন শয়ন করিতে ষাইতেন, সেই সময়ে অধিক রাত্রি পর্যান্ত, পাঠ অভ্যাস করিতেন, এবং লিখিতে শিখিতেন।

এই রপে, বিদ্যাশিক্ষাবিষয়ে তাঁহার অমু-রাগ প্রকাশ হইলে, লেডলা তাঁহাকে এক বৈকালিক বিদ্যালয়ে অধ্যয়ন করিতে দিলেন। জেঙ্কিন্স, সমস্ত দিন কর্ম করিয়া, বিকালে ঐ বিদ্যালয়ে পড়িতে যাইতেন। তিনি, অলপ দিনের মধ্যেই, এমন লেখা পড়া শিখিলেন যে, সকল লোক দেখিয়া শুনিয়া, চমৎকৃত হইল। এই সময়ে, এক সমবয়ক্ষ বালকের সহিত তাঁহার বন্ধুতা জন্মে। এই বালক বন্ধু তাঁহার লেখা পড়া শিথিবার বিষয়ে বিস্তর জাানুকূল্য করিয়াছিলেন।

কিছু দিন পরে, জেক্কিন্স মনক্রিফনামক এক ব্যক্তির নিকট পরিচিত হইলেন। এই ব্যক্তি অতিশয় দয়ালু ও অতি সংস্কভাব ছিলেন। ইনি, পরিচয়দিবস অবধি, জেক্কি-সাকে যথেন্ট স্নেহ এবং তাঁহার বিদ্যাশিক্ষা-বিষয়ে বিস্তর আরুকুল্য করিতেন। এই রূপে, পূর্ব্বোক্ত বালক বন্ধুর ও এই দয়ালু ব্যক্তির সাহায্য পাইয়া, এবং যৎপরোনান্তি পরিশ্রম্ম করিয়া, তিনি একপ্রকার ক্রতবিদ্য হইয়া উঠিলেন।

এই সময়ে, কোন নিকটবর্তী বিদ্যালয়ে, এক শিক্ষকের পদ শূন্য হইল। যাঁহাদের উপর শিক্ষক নিযুক্ত করিবার ভার ছিল, তাঁহারা, কর্মাকাজ্জীদিণের পরীক্ষার দিন নিরূপণ-পূর্বক, ঘোষণা করিয়া দিলেন। পরীক্ষা-দিবদে, জেছিক্ষত কর্মাকাজ্জায় পরীক্ষা দিতে উপস্থিত হইলেন। যত জন পরীক্ষা দিতে আসিয়াছিলেন, পরীক্ষাকদিগের বিবেচনার, তিনি সর্বাপেক্ষায় উৎক্রট ইইলেন। তথন তিনি, কর্মে নিযুক্ত হইলাম ছির করিয়া, প্রফুল মনে গৃহ গমন করিলেন।

জৈঙ্কিন্স পরীক্ষায় উত্তীর্ণ হইলেও, অধ্য-ক্ষেরা তাঁহাকে কর্ম দিলেন না। তাঁহারা, কাফরিকে শিক্ষকের কর্ম্মে নিযুক্ত করা অযুক্ত বিবেচনা করিয়া, অন্য এক ব্যক্তিকে ঐ कर्मा नियुक्त कतिलन। (जिक्किंग मनर्जार्भ ভ্রিয়মাণ হইলেন। তিনি পরীক্ষায় উত্তীর্ণ হইলেন, তথাপি কর্ম পাইলেন না, ইহা দেখিয়া, সেই স্থানের সম্রান্ত লোকেরা অতি-শয় বিরক্ত হইলেন, এবং জেঙ্কিন্সের মনস্তাপ-নিবারণার্থে, সেই বিদ্যালয়ের নিকটেই আর এক বিদ্যালয় স্থাপন করিয়া, তাঁহাকে শিক্ষক নিযুক্ত করিলেন। জেঙ্কিন্স এই বিদ্যালয়েএমন স্থন্দর শিক্ষা দিতে লাগিলেন যে, অপ্প দিনের মধ্যেই সমুদয় ছাত্র, পূর্ব্ব বিদ্যালয় পরিত্যাগ করিয়া, তাঁহার নিকটে অধ্যয়ন করিতে আসিল। এই রপে শিক্ষকের কর্মে নিযুক্ত হইরাও, তিনি স্বয়ং শিক্ষা করিতে বিরত হইলেন না। কিঞ্চিৎ দূরে অন্য এক বিদ্যালয় ছিল; তথাকার অধ্যাপক অতিশয় পণ্ডিত ছিলেন। জেক্ষিস যাহা শিক্ষা করিতেন, প্রতিশনিবার অবাধে সেই বিদ্যালয়ে গিয়া তথাকার অধ্যাপকের নিকট পরীক্ষা দিয়া আসিতেন। দূই এক বৎসর কর্মা করিয়া, তিনি কিঞ্চিৎসংস্থান করিলেন।

এ পর্যান্ত জেক্কিন্স যাহা শিক্ষা করিয়াছিলেন, তাহাতেই তাঁহাকে পণ্ডিত বলা যাইতে
পারে। কিন্তু তিনি তাহাতে সন্তুষ্ট হইলেন
না। তাঁহার আরও অধিক বিদ্যা শিথিবার
বাসনা হইল। তিনি মনে মনে ছির করিলেন, কিছু দিনের জন্যে প্রতিনিধি দিয়া
ছুটী লইব, এবং কোন প্রধান বিদ্যালয়ে
থাকিয়া, ভাল করিয়া লেখা পড়া শিথিব।

অনন্তর, তিনি বিদ্যালয়ের অধ্যক্ষ-দিগের নিকট আপন প্রার্থনা জানাইলেন। অধ্যক্ষেরা তাঁহাকে অতিশয় আদর ও সন্মান করিতেন। তাঁহারা সন্তুক্ত চিত্তে তাঁহাকে বিদায় দিলেন। পরে, তাঁহার প্রধান সহায় পরম দরালু মনক্রিফ মহাশয়ের সহিত পরামর্শ করিয়া, তিনি এডিনবরা নগরে গমন করিলেন, এবং তথাকার বিশ্ববিদ্যালয়ে প্রবিক্ট হইয়া, শীত কয়েক মাদ, তথায় অবস্থিতিপূর্বক, উত্তম রূপে নানা বিদ্যা শিক্ষা করিলেন।

বসন্তকাল উপস্থিত হইলে, তিনি তথা ছইতে প্রত্যাগমন করিলেন, এবং পুনর্বার, পূর্ব্বিৎ যথানিয়নে ও যথোপযুক্ত মনোযোগ সহকারে, বিদ্যালয়ের কর্মা করিতে আরম্ভ করিলেন।

জেক্ষিস সভাবতঃ অতি সুশীল ও সচ্চরিত্র, নত্র ও নিরহস্কার, এবং ধর্মপরায়ণ ছিলেন। আপন কর্ত্তব্য কর্মো তাঁহার সম্পূর্ণ মনোযোগ ছিল। কি রাখাল, কি কৃষক, কি শিক্ষক, যধন যে কর্মো নিযুক্ত হইয়াছেন, তিনি সেই কর্মাই যথোচিত যত্ন ও মনোযোগ পূর্মক নির্বাহ করিয়াছেন; কথনই কিঞ্জিমাত্র

আলস্য বা ঔদাস্য করেন নাই। এজন্য সকল লোকেই তাঁহাকে ভাল বাসিত।

সমুদ্য বিবেচনা করিয়া দেখিলে, জেক্ষিকা অতি আশ্চর্য্য লোক। দেখ! লেখা পড়া শিথিবার নিমিত্ত পিতা তাঁহাকে বিদেশে পাঠাইয়া দেন। যে ব্যক্তি তাঁহার ভার লই-য়াছিলেন, সহসা সেই ব্যক্তির স্ত্যু হওয়াতে, তিনি এক বাবে নিতান্ত নিরাশ্রয় হইয়া পড়ি লেন; কাহার সহিত পরিচয় নাই; কাহার কথা বুঝিতে পারেন না; অন্ন বস্ত্র দেয় এমন কেছ নাই; কোথায় যাইবেন, কি করিবেন, কিছুই বুঝিতে পারেন না। **যাঁহারা দ**য়া করিয়া অল্ল বস্ত্র দিয়াছিলেন, ভাঁহাদের বাটীতে রাখালের কর্ম করেন ও চাসের কর্ম করেন। ফলতঃ, রাজপুত্র হইয়া কেহ কথন এমন দুঃথে পড়ে নাই; কিন্তু ইচ্ছা ও যতু ছিল বলিয়া, কেমন লেখা পড়া শিখিয়া-ছেন।

যাহারা মনে করে, দুঃখে পড়িলে লেখা পড়া হয় না, জমধনা যাহারা দুঃখে পড়িয়া লেখা পড়া ছাড়িয়া দেয়, তাহাদের মন দিয়া জেঙ্কিন্সের বৃত্তান্ত পাঠ করা আবশ্যক।

উইলিয়ম গিফোর্ড

ইংলণ্ডের অন্তঃপাতী ডিবনশায়র প্রদেশে অশ্বর্টন নামে এক নগর আছে। তথায় গিফোর্ডের জন্ম হয়। গিফোর্ডের পিতা সম্রান্ত ও সম্পন্ন ব্যক্তি ছিলেন; কিন্তু উচ্চূ-জ্বালতা ও অমিতব্যয়িতা দ্বারা নিতান্ত নিঃস্ব হইয়া গিয়াছিলেন। চল্লিশ বৎসর বয়স না इटेर इं डाइ इंड इंड । धरे ममरहा, গিফোর্ডের তের বৎসর মাত্র বয়স। তিনি অতিশয় দুঃথে পড়িলেন। তাঁহার পিতা সর্বস্থ নট করিয়া গিয়াছিলেন; স্থতরাং প্রতিপালনের কোন উপায় ছিল না, এবং ্ৰমন কোন আত্মীয় কুটুম্বও ছিলেন না যে, তাঁহার প্রতিপালনের ভার লয়েন।

কারলাইল নামে এক ব্যক্তি তাঁহাদের আত্মীয় ছিলেন। তিনি গিফোর্ডকে কছি-লেন, আমি তোমার জননীকে কিছু টাকা ধার দিয়াছিলাম, তিনি তাহা পরিশোধ করিয়াযান নাই। তিনি, এই ছল করিয়া, অবশিষ্ট যা কিছু ছিল, সমুদয় লইলেন এবং গিফোর্ডকে আপন বাটীতে লইয়া রাখিলেন। গিফোর্ড ইতিপূর্বে কিছু লেখা পড়া শিখিয়াছিলেন; এক্ষণে কারলাইল তাঁহাকে অধ্যয়নার্থ বিদ্যা-লয়ে পাঠাইয়া দিলেন; কিন্তু আর খরচ যোগাইতে পারা যায় না, এই বলিয়া, তিন চারি মাদ মধ্যেই, তাঁহাকে বিদ্যালয় হইতে ছাড়াইয়া লইলেন।

কারলাইল, এই রূপে গিফোর্ডকে পাঠ-শালা হইতে ছাড়াইয়া লইয়া, রুষিকর্মে নিযুক্ত করা স্থির করিলেন। কিন্তু পূর্বের্ব তাঁহার বক্ষঃস্থলে এক আঘাত লাগিয়াছিল; লাঙ্গলচালনপ্রভৃতি উৎকট পরিশ্রমের কর্ম তাঁহা দারা নির্বাহ হওয়া কঠিন। স্থতরাং কারলাইল কৃষিকর্মে নিযুক্ত করার পরামর্শ পরিত্যাগ করিলেন। পরে, তিনি তাঁহাকে এক ব্যক্তির নিকটে নিযুক্ত করিবার প্রস্তাব করিলেন। এই ব্যক্তি অতি দূর দেশান্তরে বাণিজ্য করিতেন। ইনি গিফোর্ডকে নিযুক্ত করিলে, ইঁহার বাণিজ্যস্থানে গিয়া তাঁহাকে থাঁকিতে হইত। কিন্তু ঐ ব্যক্তি গিফোর্ডকে নিতান্ত বালক দেখিয়া, কারলাইলের প্রস্তাবে সম্মত হইলেন না।

তৎপরে, কারলাইল তাঁহাকে ত্রিক্সহম বন্দরের এক জাহাজে নিযুক্ত করিয়া দিলেন। গিফোর্ড কহিয়াছেন, "আমি জাহাজে নিযুক্ত হইয়া, যৎপরোনাস্তি ক্লেশ পাইয়াছিলাম; কিন্তু আমি যে লেখা পড়া করিতে পাইতাম না, সেই ক্লেশ সর্বাপেক্ষায় অধিক বোধ হইয়াছিল।" কারলাইল, গিফোর্ডকে জাহাজে নিযুক্ত করিয়া দিয়া, এক বারও তাঁহার সংবাদ লইতেন না।

ত্রিক্সহমের জেলের মেয়েরা, সপ্তাহে দুই বার, অশবর্টনে মৎস্য বিক্রের করিতে যাইত। তাহারা গিফোর্ডের ক্লেশ দেখিয়া, দুঃধিত ইইয়া, অশবর্টনে সকলের কাছে গণ্প করিত।
ঐ সকল গণ্প শুনিয়া, গিকোর্ডের আত্মীয়েরা
কারলাইলের অত্যন্ত নিন্দা করিতে লাগিলেন।
তথন কারলাইল, তাঁহাকে আনিয়া, পুনরায়
এক বিদ্যালয়ে অধ্যয়ন করিতে দিলেন।

গিফোর্ড লেখা পড়ায় অত্যক্ত অনুরাগী ছিলেন ; একাণে বিদ্যালয়ে প্রবিষ্ঠ হইয়া, নিরতিশয় যতু ও পরিশ্রম সহকারে, অধ্যয়ন করিতে লাগিলেন। তিনি কহিয়াছেন। " আমি অপে দিনের মধ্যেই এত শিথিয়া কৈ লিলাম যে, বিদ্যালয়ের প্রধান ছাত্র বলিয়া গণ্য হইলাম, এবং আবশ্যক মতে মধ্যে মধ্যে শিক্ষকৈর সহকারিতা করিতে লাগিলাম। যথন যথন সহকারিতা করিতাম, শিক্ষক মহাশয় আমাকে কিছু কিছু দিতেন। আমি মনে মনে স্থির করিলাম, রীতিমত ইঁহার সহকারী নিযুক্ত হইব, এবং অন্য সময়ে অন্যান্য ছাত্রদিগকৈ শিক্ষা দিতে আরম্ভ করিব। ইহাতে যাহা লাভ হইবেক, তাহা-তেই খাওয়া, পরা, ও লেখা পড়ার ব্যয়

নির্বাহ করিব। আর, আমার প্রথম শিক্ষক বৃদ্ধ ও রুয় হইয়াছিলেন, স্মৃতরাং তিনি ধে তিনি চারি বৎসরের অধিক বাঁচিবেন, এমন সম্ভাবনা ছিল না। আমি মনে মনে আশা করিয়াছিলাম, তাঁহার স্ত্যু হইলে, তদীর পদে নিযুক্ত হইতে পারিব। এই সময়ে আমার বয়্ন পনরবৎসরমাত্ত।

"আমি কারলাইলকে এই সকল কথা জানাইলাম: কারলাইল শুনিয়া অত্যন্ত অবজ্ঞাপ্রদর্শন করিয়া কছিলেন, তুমি ষথেষ্ট শিখিয়াছ; যত শিক্ষা করা আবশ্যক, তাহা অপেকা বরং অধিক শিথিয়াছ। আমার যাহা কর্ত্তব্য, করিয়াছি; এক্ষণে তোমায় এক পাদুকাকারের বিপণিতে নিযুক্ত করিয়া দিতেছি। তথায় থাকিয়া, মনোযোগ দিয়া কাজ শিখিলে, উত্তর কালে অনায়াসে জীবিকা নির্বাহ করিতে পারিবে। আমি শুনিয়া অত্যন্ত বিষদ্ধ হইলাম। এরপ জ্বন্য ব্যবসায় অবলম্বন করিতে আমার কোন মতেই ইচ্ছা ছিল না। কিন্তু তৎকালে সাহস করিয়া ত্মাপত্তি, বা অনিচ্ছাপ্রকাশ, করিতে পারি-লাম না। স্থতরাং, ছয় বৎসরের নিমিত্ত এক পাদুকাকারের বিপণিতে নিযুক্ত হইলাম।

''এই জঘন্য ব্যবসায়ের উপর আমার অত্যন্ত মুণা ছিল; সুতরাং শিথিবার নিমিত্ত যতুও প্রবৃত্তি হইত না; এবং ভাল করিয়া শিখিতেও পারিতাম না। প্রথম শিক্ষকের স্ত্যু হইলে, তাঁহার কর্মে নিযুক্ত হইতে পারিব এই যে আশা করিয়াছিলাম, এখন আমার সে আশা যায় নাই। এজন্য, কর্ম করিয়া অবসর পাইলেই লেখা পড়া করিতাম। কিন্তু দুর্ভাগ্যক্রমেসর্ব্ধদা অবসর পাইতাম না। আমি অবসর পাইলেই পড়িতে বসি দেখিয়া, প্রভু অত্যন্ত অসম্ভট হইতেন, এবং যাহাতে অবসর নাপাই, এরপ চেফী করিতেন। কি অভিপ্রায়ে তিনি সেরপ করেন, আমি প্রথমে তাহা বুঝিতে পারি নাই। অব-শেষে অনুসন্ধান করিয়া জানিতে পারিলাম, আমি যে কর্মের আকাজ্ফায় লেখা পড়ায় যত্ন করিতেছিলাম, তিনি আপন কনিষ্ঠ পুত্রকে

ঐ কর্মে নিযুক্ত করিবার নিমিত চেটিত ছিলেন।

''এই সময়ে, এক স্ত্রীলোক অনুথাই করিয়া আমায় একথানি বীজগণিত পুস্তক দিয়া-ছিলেন; আমার নিকট এতদ্যতিরিক্ত আর কোন পুস্তক ছিল না। প্রথমে উপক্রম-ণিকা না পড়িলে, ঐ পুস্তক পড়িতে পারা যায় না। কিন্তু আমার নিকট বীজগণিতের উপক্রমণিকা ছিল না; আর এমন সঙ্গতিও ছিল না যে, ঐ পুস্তক ক্রয় করি। আমার প্রভু আপন পুত্রকে একখানি উপক্রমণিকা ক্রুয় করিয়া দিয়াছিলেন। কিন্তু তিনি সাব-ধানে গোপন করিয়া রাধিতেন; আমায় দেখিতে দিতেন না। তিনি যে স্থানে লুকা-ইয়া রাখিতেন, আমি তাহার সন্ধান পাইয়া-ছিলাম; সন্ধান পাইয়া, কয়েক দিন প্রায় সমস্ত রাত্রি জাগিয়া, তাঁহার অজ্ঞাতসারে ঐ পুস্তক পড়িয়া লইলাম।

"ঐ পুস্তক পাঠ করিয়া বীজগণিতপাঠে অধিকারী হইলাম এবং যত্নপূর্ত্তক পাঠ করিতে আরম্ভ করিলাম। কিন্তু অত্যন্ত অসুবিধা ঘটিল। অঙ্ক কসিবার নিমিত্ত কালি কলম কাগজের অত্যন্ত প্রয়োজন। কিন্তু ঐ সময়ে আমার এক পয়সারও সন্ধৃতি ছিল না, এবং এমন কোন আত্মীয়ত ছিলেন না যে, কিছু দিয়া সাহায্য করেন; স্কুতরাং ঐ সমু-দয়ের সংযোগ ঘটিয়া উঠিত না। পরিশেষে অনেক ভাবিয়া, এক উপায় স্থির করিয়াছি-লাম। চর্মাধণ্ডকে মস্থা করিয়া কাগজ করিয়া লইতাম, এবং এক ভোঁতা আল লইয়া কলম করিতাম। এই রূপে, মহণ চর্মধণ্ডের উপর অঙ্ক কসিতে আরম্ভ করিয়াছিলাম। কিন্তু ইহা অত্যন্ত গোপনে সম্পন্ন করিতে হইত। কারণ, আমার প্রভু সন্ধান পাইলে, নিঃ-সন্দেহ বন্ধ করিয়া দিতেন ও তিরক্ষার করি-তেন।"

এ পর্যান্ত, গিফোর্ড যৎপরোনাস্তি ক্লেশ ভোগ করিয়াছিলেন। অতঃপর, তাঁহার সে ক্লেশের কিঞ্চিৎ লাঘ্য হইয়াছিল। তাঁহার এক পরিচিত ব্যক্তি কতৃকগুলি শ্লোক রচনা

করিয়াছিলেন। তদুষ্টে তাঁহারও শ্লোকরচনা করিতে ইচ্ছা হয়, এবং অবিলয়ে কতকঞ্জলি শ্লোক রচনা করেন। তিনি আপান সহচর-দিগকে ঐ শ্লোক শুনাইতেন। শুনিয়া সকলে প্রশংসা করিত। কেহ কেহ কিছু পুরস্কারও দিত। এক দিন, বিকাল বেলায়, তিনি চারি আনা পান। মধ্যে মধ্যে, তিনি এই রূপে কিছু কিছু পাইতে লাগিলেন। যাঁহার এক পয়সা পাইবার উপায় ছিল না, মধ্যে মধ্যে এরপ প্রাপ্তি তাঁহার পক্ষে ঐশ্বর্যালাভ জ্ঞান ছইত। এ পর্যান্ত, কালি, কলম, কাগজ ও পুস্তকের অভাবে ভাঁহার লেখা পড়ার অত্যন্ত ব্যাঘাত হইত; এক্ষণে, আবশ্যকমত কিছু কিছু কিনিতে আরম্ভ করিলেন। শ্লোকরচনা ও শ্লোকপাঠ করিয়া, কিঞ্চিৎ কিঞ্চিৎ লাভ অতি গোপনে সম্পন্ন করিতে হইত।

দুর্ভাগ্যক্রমে, এই বিষয় অধিক দিন গোপনে রহিল না; ক্রমে ক্রমে তাঁহার প্রভুর কর্ণগোচর হইল। আমার কাজ ক্ষতি করিয়া এই সকল করিয়া বেড়ায়, এই মনে ভাবিয়া তিনি ভাঁহার রচিত শ্লোক সকল এবং কাগজ, কলম, কালি ও পুস্তক সমুদয় কাড়িয়া লইলেন এবং অত্যন্ত তিরস্কার করিয়া এক বারে তাঁহার লেখা পড়া বন্ধ করিয়া দিলেন। এই সময়েই তাঁহার প্রথম শিক্ষকের স্ত্যু হইল, এবং তাঁহার স্থলে অন্য এক ব্যক্তি নিযুক্ত হইলেন। এ পর্য্যন্ত, তিনি যে ঐ পদে নিযুক্ত হইবার আশা করিয়া ছিলেন, সে আশা এক বারে উচ্ছিন্ন হইয়া গেল। এই দুই ঘটনা দ্বারা তিনি যৎপরোনান্তি দুঃখিত ও সর্বা বিষয়ে নিতান্ত নিরুৎসাহ হইলেন। তিনি মনের দুঃখে কাছার নিকটে যাইতেন না, কর্দ্মের সময় কর্ম্মাত্র করিতেন, অবশিষ্ঠ সময়ে একাকী বিরস বদনে বসিয়া থাকিতেন। ফলতঃ, এই সময়ে তাঁহার মনোদুঃথের আর সীমাছিল না।

গিকোর্ডের মনোদুঃধের বিষয় কর্ণপরম্পরায় কুক্সিনামক এক ব্যক্তির গোচর হইল। তিনি গিফোর্ডের দুঃধের কথা শুনিয়া অতি-শয় দুঃধিত হইলেন। গিফোর্ডের মুধে তদীয় অবস্থাসংক্রান্ত আদ্যোপান্ত সমস্ত বৃত্তান্ত অবগত হইয়া, তাঁহার অন্তঃকরণে অত্যন্ত দয়া উপস্থিত হইল। তথন, তিনি মনে মনে প্রতিজ্ঞা করিলেন, গিফোর্ডের দুঃখ দূর করিব এবং উহাকে ভাল করিয়া লেখা পড়া শিখাইব। তদনুসারে তিনি, আত্মীয়-বর্গের মধ্যে চাঁদা করিয়া, কিছু টাকা সংগ্রহ করিলেন।

যে নিয়মে গিফোর্ড পুর্ব্বোক্ত পাদুকাকারের বিপণিতে নিযুক্ত হন, তদরুসারে
তাঁহাকে আর কিছু দিন তথার থাকিতে
হইত। কুক্সি, তাঁহাকে বাটি টাকা দিয়া,
গিফোর্ডকে ছাড়াইয়া আনিলেন, অধ্যয়নের
নিমিত্ত এক বিদ্যালয়ে নিযুক্ত করিয়া দিলেন,
এবং তাঁহার সমুদ্র বায় নির্বাহ করিতে
লাগিলেন। এই সময়ে, গিফোর্ডের বয়স
কুড়ি বৎসর। বিদ্যাশিক্ষাবিষয়ে গিফোর্ডের
অত্যন্ত যতু ছিল; কেবল সুযোগ ঘটে নাই
বলিয়া, এ প্রয়ন্ত তিনি উত্তম রূপে শিক্ষা
করিতে পারেন নাই। এক্ষণে দায়াশীল কুক্সি

ও তাঁহার আত্মীয়বর্গের অনুথাহে বিলক্ষণ শিক্ষা করিতে লাগিলেন। ফলতঃ, তিনি লেখা পড়া বিষয়ে এত যতু ও এত পরিশ্রম করিতে লাগিলেন যে, তাঁহার অনুথাহকবর্গ দেখিয়া শুনিয়া অতিশয় প্রীত হইলেন।

এই রূপে আন্তরিক যতু সহকারে, দুই বৎসর দুই মাস অধ্যয়ন করিয়া, তিনি বিশ্ব-বিদ্যালয়ে প্রবিষ্ট হইবার উপযুক্ত হইলেন। কুক্সি তাঁহাকে বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট করিয়া দিলেন। তিনি নিশ্চিত জানিয়াছিলেন. গিফোর্ড অনায়াসে বিশ্ববিদ্যালয়ের প্রশংসা-পত্র লাভ করিতে পারিবেন; এজন্য, স্থির করিয়াছিলেন, যত দিন গিফোর্ড, বিশ্ববিদ্যা-লয়ে অধ্যয়ন করিয়া, পরীক্ষায় উত্তীর্ণ হইয়া, প্রশংসাপত্র না পান, তত দিন সমুদয় ব্যয় দিয়া তাঁহাকে অধ্যয়ন করাইবেন। কুক্সির নিতান্ত অভিলাষ, গিফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রশংসাপত্র পান। কারণ, তাহা হইলেই, তাঁহাকে সকলে বিদ্বান বলিয়া গণনা করিবে। গিফোর্ড বিশিক্ষরপ বিদ্যালাভের নিমিত্ত

যেমন ব্যথ ছিলেন, তাঁহার সে ভাগ্যক্রমে তেমনই সুযোগ ঘটিয়া উঠিল। তিনি কুক্সূর অভিলাষ পূর্ণ করিবার নিমিত্ত প্রাণপণে
যত্ন করিতে লাগিলেন। কিন্তু, আক্রেপের
বিষয় এই, গিফোর্ডের প্রশংসাপত্র পাইবার
পূর্বেই, কুক্সুর হত্যু হইল। কিছু দিন
পরে, গিফোর্ড প্রশংসাপত্র প্রাপ্ত হইলেন।
কুক্সু এই সময়ে জীবিত থাকিলে, কি অনিব্চনীয় প্রীতিলাভ করিতেন, বলিতে পারা
যায় না।

কুক্সি গিফোর্ডের প্রতি যেরপ দরা ও মেহ করিতেন এবং তাঁহার ভাল করিবার নিমিত যেরপ যত্নবান্ ছিলেন, অন্য ব্যক্তির সেরপ হওয়া অসম্ভব। স্থতরাং, কুক্সির হত্যু গিফোর্ডের পক্ষে বজ্ঞপাততুল্য হইল। কিন্তু কুক্সির হত্যু হওয়াতে, গিফোর্ড নিতান্ত নিঃসহার হইলেন না। গ্রাস্বিনরনামক এক সম্ভান্ত ব্যক্তি তাঁহার সহার হইলেন। গিফো-ডের ভাল করিবার বিষয়ে ইহার বরং কুক্সি অপেক্ষা অধিক ক্ষতা ছিল। এই স্ভান্ত ব্যক্তির সহায়তাতে, গিফোর্ডের উত্রোত্তর ভাল হইতে লাগিল। তিনি ক্রমে ক্রমে পণ্ডিতসমাজে গণনীয় ও প্রশংসনীয় হইলেন, এবং বিদ্যাবলে ও কায়িক পরিশ্রমে বিস্তর ধন উপার্জ্জন করিয়া, পরম সুথে কাল্যাপন করিতে লাগিলেন।

এই রূপে বিদ্যা, খ্যাতি ও বিপুল সম্পত্তি লাভ করিরা, গিফোর্ড একাতর বংসর বয়সে তরুত্যাগ করেন। তিনি এক মুহুর্ত্তের নিমিত্তে বিশ্বত হন নাই যে, কেবল কুক্সুর দরা ও স্নেহই তাঁহার বিদ্যা, খ্যাতি, স্থ্য, সম্পত্তি সমুদ্রের মূল। এই নিমিত্ত, স্ত্যুকালে তিনি আপন সমস্ত সম্পত্তি সেই পরম দরালু মহাত্মার পুত্রকে দান করিয়া যান। কৃতজ্ঞতার এরপ দৃষ্টান্ত প্রার দেখিতে পাওয়া যার না।

অতি অপপ বয়সে গিফোর্ডের পিতৃবিয়োগ হয়। সহায় সম্পতি কিছুই ছিল না। তিনি বিংশতি বৎসর বয়স প্রয়ন্তকত কই পাইয়া-ছিলেন। বাল্যকাল অবধি, তাল করিয়া লেখা পড়া শিথিবার নিমিত্ত তাঁহার অত্যন্ত বজু ছিল। কিন্তু, কারলাইল সে বিষয়ে অনুকূল না হইয়া বরং পূর্বোপর প্রতিকূলতাচরণ করিয়াছিলেন। পরিশেষে, তিনি তাঁহাকে পাদুকাকারের বিপণিতে নিযুক্ত করিয়া দেন। তথায় তাঁহার দুরবস্থার সীমা ছিল না। বাস্তবিক, তিনি কুড়ি বৎসর বয়স পর্য্যন্ত যৎ-পরোনাস্তি ক্লেশে কলিযাপন করিয়াছিলেন। কিন্তু, বিদ্যাশিকাবিষয়ে তাঁহার পূর্ব্বাপর সমান অমুরাগ ছিল। ভাল করিয়া লেখা পড়া শিথিবার নিমিত্ত তাঁহার যে আন্তরিক যতু ছিল, এক মুছুর্ত্তের নিমিত্ত তাঁহার সে যজুের অণুমাত্র হ্যনতা হয় নাই। এই আন্তরিক যত্নের গুণেই, তিনি অসাধারণ বিদ্যা, খ্যাতি ও সম্পত্তি লাভ করিয়াছিলেন। ইহা যথার্থ বটে, কুক্সি তাঁহার যথেষ্ট আরুকূল্য করিয়া-ছিলেন, এবং সেই আয়ুকুল্য না পাইলে, তিনি কখন এরপ হইতে পারিতেন না; কিন্তু তাঁহার আন্তরিক যতুই কুক্সির আনুকূলাের মূল। লেখা পড়া বিষয়ে তাঁহার তাদৃশ আন্তঃ- রিক যত্ন না দেখিলে, কুক্স্নি কখনই তাঁহার প্রতি সেরপ দয়া ও স্নেহ প্রদর্শন করিতেন না। অতএব, দেখ! আন্তরিক যত্ন থাকিলে বিদ্যা, খ্যাতি, স্থুখ, সম্পত্তি সকলই লাভ করা যাইতে পারে; অবস্থার বৈগুণ্য কদাচ প্রতিবন্ধক হইতে পারে না।

উইঙ্কিলমন

প্রদিয়ার অন্তঃপাতী ফেওল নগরে উইঙ্কিলমনের জন্ম হয়। ইনি অতি দুঃধীর সন্তান।
ইঁহার পিতা, চর্ম্মপাদুকা নির্মাণ ও বিক্রেয়
করিয়া, সংসারনির্বাহ করিতেন। উইঙ্কিলমনকে ভাল করিয়া লেখা পড়া শিখাইবার
নিমিত্ত, তাঁহার অত্যন্ত অভিলাষ ও যত্ন
ছিল। এজন্য, নানা কই স্বীকার করিয়াও,
তিনি তাঁহাকে এক বিদ্যালয়ে অধ্যয়ন করিতে
দিয়াছিলেন। কিন্তু, বৃদ্ধ ও ক্রমা হইয়া,

ভাঁহাকে হাঁসপাতালে গিয়া থাকিতে হইল।
স্কুতরাং, পুজ্রের লেথা পড়ার ব্যয়নির্বাহ
করিতে পারা দূরে থাকুক, আপনার চলাই
ভার হইয়া উঠিল।

অতঃপর, উইঙ্কিলমন কিছু কিছু উপা-র্জ্জন করিতে না পারিলে, তাঁহার পিতার চলা ভার। বিদ্যালয় পরিত্যাগ করিয়া, উপার্জ্জনের চেফা দেখা তাঁহার পক্ষেনিতান্ত আবশ্যক হইয়া উঠিল। কিন্তু, তাঁহার একান্ত অভিলাষ, ভাল করিয়া লেখা পড়া শিখেন। স্মুতরাং, তিনি কোন মতেই বিদ্যালয় পরি-ত্যাগ করিতে সন্মত ছিলেন না। তিনি সুশীল, পরিশ্রমী ও লেখা পড়ায় অতিশয় যতুবান ছিলেন ; এজন্য, তাঁহার অধ্যাপকেরা তাঁহাকে অতিশয় স্বেহ করিতেন। এই সময়ে তাঁহারা অনুথাহ করিয়া কিছু কিছু আনুকূল্য করিতে লাগিলেন। আর তিনি নিজেও, অপেপাঠী বালকদিগকে শিক্ষা দিয়া, কিছু কিছু পাইতে লাগিলেন।

এই রূপে যাহা লাভ হইতে লাগিল,

তদ্বারা পিতার ও নিজের সমুদ্য ব্যয় নির্বাহ হইয়া উঠে না। স্কুতরাং, আর কিছু লাভ না হইলে চলে না। কিন্তু, আর কিছু লাভেরও কোন সহজ উপায় দেখিতে পাইলেন না। পরিশেষে, অনেক ভাবিয়া, রাত্রিতে পথে পথে গান করিয়া ভিক্ষা করিতে আরম্ভ করি-লেন। তা**হাতে** কিছু কিছু লাভ হইতে লাগিল এবং দিনের বেলায় বিদ্যালয়ে থাকিয়া নিৰিম্নে পড়া শুনাও চলিতে লাগিল। এই রূপে অধ্যাপকদিগের আরুকূল্য পাইয়া, ও স্বয়ং কিছু কিছু উপার্জ্জন করিয়া, আপনার ও পিতার ভরণপোষণনির্বাহ করিতে লাগি-লেন। বোধ হয়, বিদ্যালরের বালকের পক্ষে ইহা অপেকা অধিক কটকর আর কিছুই হইতে পারে না। দেখ, বিদ্যাশিক্ষাবিষয়ে উইঙ্কিলমনের ক্লেমন যত্ত্ব ! এত কফ পাইয়া-ছিলেন, তথাপি লেখা পড়া ছাড়েন নাই। অবিশ্রান্ত ষত্ন ও পরিশ্রম করিয়া, পরিশেষে তিনি এক জন অতি প্রসিদ্ধ প্রধান পণ্ডিড হইয়াছিলেন !

উইলিয়ম পফেলস

ফান্সের অন্তঃপাতী মন্মণ্ডি প্রদেশে ডলেরি নামে আম আছে। পটেলস সেই আমে জন্মগ্রহণ করেন। একে স্থাতি দুঃখীর সন্তান; তাহাতে আবার নিতান্ত শৈশব অবস্থায় পিতৃ-বিয়োগ হয়; স্বুতরাং, ইংহার প্রতিপালনের অথবা লেখা পড়া শিখিবার কোন উপায় ছিল না। যাহা হউক, সুযোগমতে কিঞ্চিৎ শিক্ষা করিয়া, ইনি লেখা পড়ায় এমন অমু-রক্ত হইয়াছিলেন যে, পুস্তক লইয়া পড়িতে বসিলে কুধা তৃষ্ণা কিছুই থাকিত না; তিনি আহারের সময় আহার করিতে ভুলিয়া ষাইতেন। কিন্তু, দুঃখীর সন্তান বলিয়া, ভাল করিয়া লেখা পড়া শিখিবার স্থবিধা হয় না। পারিস নগরে গেলে, লেখা পড়ার স্থবিধা হইতে পারিবেক, এই ভাবিয়া তিনি পারিস যাত্রা করিলেন।

দ্রভাগ্যক্রমে পথে দস্থাদলে আক্রমণ করিল, সঙ্গে যা কিছু ছিল. সমুদয় কাড়িয়া লইল এবং অত্যন্ত প্রহার করিল। শরীরে এত আঘাত লাগিয়াছিল যে, তাঁহাকে এক হাঁসপাতালে গিয়া আঞায় লইতে হইল। তিনি তথায় দুই বৎসর থাকিয়া স্কুস্থ হইলেন এবং স্বস্থ হইয়া পুনরায় পারিস যাত্রা করিতে উদ্যত হইলেন। কিন্তু, कि श्राहेश ও कि পরিয়া পারিস যান, তাহার কোন ঠিকানা ছিল না। সেই সময়ে ক্ষেত্রের শস্ত পাকিয়া উঠিয়া ছিল। শস্ত কাটিবার নিমিত্ত, অনেকের ঠিকা লোক নিযুক্ত করিবার আবশ্যকতা দেখিয়া, তিনি ঐ ঠিকা কর্ম করিতে লাগিলেন; এবং কয়েক দিন কর্ম করিয়া, পাথেয়ের সংস্থান ও পরিধেয় বস্ত্র সংগ্রহ পূর্বক পারিস যাত্র। করিলেন। তথার উপস্থিত হইয়া, তিনি লেখা পড়া শিধিবার ভাল সুযোগ করিতে পারিলেন না; পরিশেষে, স্থান্য কোন উপায় না দেখিয়া, এক বিদ্যা-লয়ে পরিচারক নিযুক্ত হইলেন। এখানে থাকিলে লেখা পড়ার অনেক স্থাবিধা হইবেক, এই ভাবিয়া তিনি ঐ নীচ কর্মে নিযুক্ত হইরাছিলেন। ফলতঃ, তিনি ভাল করিয়া লেখা পড়া শিখিবার নিমিত্ত এত উৎস্থক ছিলেন যে, ঐ নীচ কর্ম্ম পাইয়াও সেছিলাগ্যজ্ঞান করিয়াছিলেন। তিনি যে কর্মে নিযুক্ত হইলেন, তাহাতে অবসর পাওয়া দুর্ঘট। অত্যত্পশাত্র যে অবসর পাইতেন, তাহাতেই তিনি কিছু কিছু শিক্ষা করিতেন।

কিন্তু, লেখা পড়ার আন্তরিক যতু থাকার এমনই গুণ বে, এই ব্যক্তি ক্রমে ক্রমে এক জন অতি প্রধান পণ্ডিত হুইরা উঠিলেন। তাঁহার অসাধারণ বিদ্যার বিষয় ফ্রান্সের অধিপতি প্রথম ফ্রান্সিদের গোচর হুইলে, তিনি তাঁহাকে, আরবী পারদী প্রভৃতি পুস্তক সংগ্রহের ভার দিয়া, লিবান্ট প্রদেশে প্রেরণ করিলেন। তিনি তদ্বিয়ে স্বিশেষ বিবেচনা ও নৈপুণা প্রদর্শন করাতে, প্রধান রাজমন্ত্রী তাঁহার প্রতি অতিশ্র সন্তুই হুইলেন। তিনি, লিবান্ট হুইতে প্রত্যাগমন করিয়া, প্র রাজ- মন্ত্রীর অনুগ্রহে, এক অতি প্রধান পদে নিযুক্ত হইলেন।

এড়িয়ন

হলপ্তের অন্তঃপাতী ইউট্রিক্ট নগরে এড্রিয়নের জন্ম হয়। ইহার পিতা অতি দুঃধী ছিলেন; নোকানির্মাণের ব্যবসায় করিয়া, কটে সংসার-নির্বাহ করিতেন। তাঁহার নিতান্ত ইচ্ছা, পুত্রকে ভাল করিয়া লেখা পড়া শিখান। কিন্তু, লেখা পড়ার ব্যয় নির্বাহ করেন, এমন সংস্থান ছিল না। লুবেনের বিশ্ববিদ্যালয়ে কতকগুলি বালককে বিনা ব্যয়ে শিক্ষা দিবার নিয়ম ছিল. সুযোগ করিয়া তিনি এড্রিয়নকে তথায় প্রবিষ্ট করিয়া দিলেন।

এই স্থলে অধ্যয়নকালে, এড্রিয়নের রাত্রিতে প্রদীপ জালিয়া পড়িবার সঙ্গতি ছিল না। কিন্তু, লেখা পড়ায় জত্যন্ত অনুরাগ ছিল বুলিয়া, তিনি আলম্যে কালহরণ করিতেন না। গিরজার দ্বারে ও পথের ধারে সমস্ত রাত্রি আলোক জ্বিত। তিনি পুস্তক লইয়া তথার গিয়া, সেই আলোকে পাঠ করিতেন। এডিয়ন, এইরপ কটে থাকিয়াও কেবল আন্তরিক বড়ের গুণে অসাধারণ বিদ্যা উপা-র্জন করিলেন এবং পাদরির কর্মে নিযুক্ত হইলেন। উত্তরোত্তর তাঁহার পদর্দ্ধি হইতে লাগিল। বিদ্যান্ ও সক্ষরিত্র বলিয়া, তিনি স্পেনের রাজকুমারের শিক্ষকতাকার্য্যে নিযুক্ত হইলেন, এবং সেই রাজকুমার স্থাট্ হইলে পর, তাঁহার সহায়তায়, পরিশেষে পোপের সিংহাসনে অধিরত্ হইলেন।

লেখা পড়ার আন্তরিক যতু থাকার কি

অনির্বচনীর গুণ! দেখ, যে ব্যক্তি অতি
দুঃখীর সন্তান; যাঁহার রাত্রিতে প্রদীপ
আলিয়া পড়িবার সক্ষতি ছিল না; সেই ব্যক্তি
কেবল আন্তরিক যতু ছিল বলিয়া, কেমন
অসাধারণ বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন, এবং
সেই অসাধারণ বিদ্যার বলে কেমন উচ্চ পদে
অধিরুত হইয়াছিলেন।

প্রিডো

ইংলণ্ডের অন্তঃপাতী করনওয়াল প্রদেশে পড্টো নামে এক নগর আছে। ঐ নগরে প্রিডোর জন্ম হয়। ইঁহার পিতার এমন সঙ্গতি ছিল না যে, ইঁহাকে ভাল করিয়া লেখা পড়া শিখান। কোন বিদ্যালয়ে রাখিয়া সামান্যরূপ কিছু শিথানও তাঁহার পক্ষে দুঃসাধ্য হইয়াছিল। কিন্তু, প্রিডোর লেখা পড়ায় অত্যন্ত যতু ছিল। বাটীতে থাকিয়া লেখা পড়া শিথিবার কোন সুযোগ না হও-য়াতে, তিনি অক্সফোর্ড নগরে গমন করিলেন; তথায় অন্য কোন উপায়না দেখিয়া, অবশেষে এক বিদ্যালয়ে পাচকের সহকারী নিযুক্ত इक्टनन ।

্ এই নীচ কর্মে নিযুক্ত হইবার অভিপ্রায় এই বে, তদ্বারা বাসাধরত চলিয়া বাইবেক। তিনি এই রূপে বাসাধরতের সংস্থান করি-লেন, এবং কর্ম করিয়া যথন অবসর পাই-তেন, সেই সময়ে কিছু কিছু অধ্যয়ন করিতে লাগিলেন। ক্রমে ক্রমে এই রপে অধ্যয়ন করিয়া সুযোগমতে অক্সফোর্ডে বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ঠ হইয়া, তিনি বিলক্ষণ বিদ্যা উপার্জ্জন করিলেন। বিশ্ববিদ্যালয়ে থাকিতে থাকি-তেই, তিনি এক গ্রন্থ রচনা করিলেন। ঐ গ্রন্থে তাঁহার বিলক্ষণ পাণ্ডিত্যপ্রকাশ হইয়া-ছিল। তদ্ধে তাঁহার উপর রাজমন্ত্রীদিগের অনুগ্রহদ্টি হইল। তাঁহাদের সহায়তায়, পরি-শেষে, তিনি এয়ারসেইরের বিশপের পদে অধিরচ্ হইলেন।

ডাক্তর এডাম

স্কটলণ্ডের অন্তঃপাতী মোরেনামক প্রদেশে রফোর্ড নামে এক আম আছে। ঐ আমে এডামের জন্ম হয়। এই ব্যক্তি অতি দুঃধীর সন্তান; কিন্তু, ভাল করিয়া লেখা পড়া শিখি-বার নিমিত তাঁহার অতিশয় ইচ্ছা ছিল। ষৎকালে তিনি এডিনবরায় অধ্যয়ন করিতে যান, তথন তাঁহার অত্যন্ত দুঃখের দশা। তিনি, অপ্প ভাড়ায় একটি ছোট ঘর লইয়া তাহাতেই অতি কটে থাকিতেন; নিতান্ত অসম্বৃতি প্রযুক্ত আহারেরও অত্যন্ত ক্লেশ পাইতেন; প্রায়ই কাঁচা ময়দা গুলিয়া খাইয়া প্রাণধারণ করিতেন; তৈলের অভাবে রাত্রিতে প্রদীপ দ্বালিয়া পড়িতে পাইতেন ना ; मक्तांत्र शत महाधाशीमित्रांत्र जालस्त গিয়া পাঠ করিতেন। স্কট্লণ্ডে শীতের অতি-শয় প্রাদুর্ভাব; স্থতরাং, রাত্রিতে পাধরিয়া কয়লার আগুন ভালিয়া, সেই উভাপে শীত-निवादन कतिएक इतं। किन्छ, अधारमद कन्नर्

কিনিবার সক্ষতি ছিল না। অত্যন্ত শীতবোধ হইলে, তিনি কিরৎ ক্ষণ বেগে দে ডিয়া বেড়াইতেন; তাহাতে শরীর গরম হইরা, আপাততঃ শীতনিবারণ হইত। এত কফ পাইরাও, তিনি ক্ষণ কালের নিমিত্ত লেখা পড়ার যত্ন করিতে ক্রটি করেন নাই; এবং সেই যত্নের শুণে, নানা বিদ্যার পারদর্শী ও পরিশেষে এডিনবরার প্রধান বিদ্যালয়ের অধ্যক্ষ হইরাছিলেন।

ল্যনসফ

কুসিয়ার অন্তঃপাতী আর্কেঞ্জলপ্রদেশে কোলমগর নামে এক নগর আছে। এই নগরে
লমনসফের জন্ম হয়। ইহার পিতা অতি
দুঃখী ছিলেন; সমুদ্র হইতে মৎস্য ধরিয়া,
বাজারে বিক্রয় করিয়া, জীবিকানির্বাহ করিতেন। লমনসফ কয়েক বার পিতার সঙ্গে,
শাত ও উত্তর সাগরে মৎস্য ধরিতে গিয়া-

ছিলেন। তিনি উত্তর কালে পৈতৃক ব্যবসায়
অবলম্বন করিতেন, তাহার সন্দেহ নাই।
কিন্তু, সোভাগ্যক্রমে লেখা পড়া বিষয়ে তাঁহার
অতিশয় অনুরাগ ছিল। ঐ অনুরাগ ছিল
বলিয়া, তিনি অবশেষে অদ্বিতীয় ও চিরশারগীয় হইয়া গিয়াছেন।

শীতকালে মৎস্থ ধরিতে যাইতে হইড না। লমনসফ, সেই সময়ে, নিশ্চিন্ত হইয়া, আতরিক যতু সহকারে অধ্যয়ন করিতেন। এক পাদরি অনুগ্রহ করিয়া, তাঁহাকে শিক্ষা দিতেন। তাঁহার নিকট ব্যাকরণ, পাটীগণিত ও গীতাবলী এই তিনথানি মাত্র পুস্তক ছিল। তিনি, অজস্র পাঠ করিয়া ঐ তিন পুস্তক জ্ঞাদ্যন্ত কণ্ঠস্থ করিয়াছিলেন।

উক্ত তিনি পুস্তক পাঠ দারা বিদ্যার কিঞ্চিৎ আসাদ পাইরা, ভাল করিয়া লেখা পড়া শিথিবার নিমিত্ত, তাঁহার অত্যন্ত ষত্ন ও ইচ্ছা হইল। তথন তিনি মক্ষো নগরে গমন করিলেন, এবং তথাকার এক বিদ্যালয়ে প্রবিষ্ট হইয়া, অণ্প দিনের মধ্যেই এত শিক্ষা করিলেন যে, তদ্টে তাঁহার উপর অনেকের অনুথাই হইল। সেই অনুথাহের বলে, নানা বিদ্যালয়ে অধ্যয়ন করিয়া, তিনি বহু বিদ্যার অদ্বিতীয় পণ্ডিত, হইয়া উঠিলেন। প্রথমতঃ, তিনি এক অধ্যাপকের পদে নিযুক্ত হন; পরিশেষে, রাজমন্ত্রীর পদ পর্যান্ত প্রাপ্ত হইয়াছিলেন।

দেখ ! লমনসফ ও তাঁহার পিতা উভয়ের কত অন্তর; লমনসফের পিতা মৎসা ধরিয়া ও বিক্রয় করিয়া জীবন কাটাইয়া গিয়াছিলেন; কিন্তু লমনসফ নানা বিদ্যায় অদ্বিতীয় পণ্ডিত, অধ্যাপক, ও রাজমন্ত্রী পর্যান্ত হইয়াছিলেন। লমনসফের লেখাপড়ায় অত্যন্ত ষত্ম ও অত্যন্ত অনুরাগ ছিল বলিয়া, তিনি এরপ হইতে পারিয়াছিলেন; নতুবা তাঁহাকেও নিঃসন্দেহ, পৈতৃক ব্যবসায় অবলম্বন করিয়া, জীবন কাটা ইতে হইত।

মেডক্স

এই ব্যক্তি লওননগরে জন্মগ্রহণ করেন। ইনি অতি দুঃথীর সন্তান; অপে বয়সেই পিতৃছীন ও মাতৃহীন হন। তাঁহার আত্মীয়েরা তাঁহাকে এই অভিপ্রায়ে এক রুটিওয়ালার দোকানে নিযুক্ত করিয়া দেন যে, তথায় থাকিয়া কর্ম শিখিয়া, উত্তর কালে ঐ ব্যবসায় অবলম্বন-পূর্বক, জীবিকা নির্বাহ করিতে পারিবেন। কিন্তু, লেখা পড়া শিথিবার নিমিত্ত তাঁহার व्यास्त्रिक देण्हा हिल । शुरुक शाहरलहे, তিনি সকল কর্ম পরিত্যাগ করিয়া পড়িতে বসিতেন। স্কুতরাং, তাঁহাকে রাখিয়া রুটিওয়া-লার বিশেষ উপকার বোধ হইত না। তাঁহাকে পড়িতে দেখিলে, সে অতিশয় বিরক্ত হইত।

ফলতঃ উভয় পক্ষেরই অত্যন্ত অস্কুবিধা ঘটিয়া উঠিল। অবাবে মনের সাথে পড়িতে পাইতেন না বলিয়া, মেডক্স মনে মনে অত্যন্ত বিরক্ত হইতেন; আর তিনি কর্মের সময় কর্ম না করিয়া পড়িতে বসিতেন, এন্ধন্য ফটিওয়ালা তাঁহার উপর অত্যন্ত বিরক্ত হইত। পরিশেষে, ফটিওয়ালা তাঁহাকে দোকান হইতে তাড়াইয়া দিল। আত্মীয়ের।, লেখা পড়া বিষয়ে তাঁহার অসাধারণ যতু দেখিয়া, তাঁহাকে কট্লতে পাঠাইলেন এবং এই অভিপ্রায়ে অবর্ডিন বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত করিয়া দিলেন যে, যাহাতে উত্তর কালে পাদ-রির কর্মা করিতে পারেন, তদুপযুক্ত বিদ্যা শিক্ষা করিবেন।

তথায়, কিছু দিন, তিনি উত্তম রূপে অধ্যয়ন করিলেন; কিন্তু, নানা কারণে বিরক্ত হইয়া, ঐ বিশ্ববিদ্যালয় ছাড়িয়া দিয়া, ইংলণ্ডে ফিরিয়া আসিলেন; এবং লণ্ডদের বিশপ গিবননের সহায়তায়. কেম্বিজ বিশ্ববিদ্যালয়ে প্রবিষ্ট ইইয়া, বিশিইরপ বিদ্যা উপার্জ্জন করিলেন। এই রূপে অভিলাষামুক্ত করেলেন। উত্তয়াতর তাঁহার কর্মে নিযুক্ত হইলেন। উত্তয়াতর তাঁহার পদর্দ্ধি হইতে লাগিল। প্রশেষ, তিনি বিশপের পদ প্রাপ্ত হইলেন।

দেখ ! লেখা পড়ায় আন্তরিক যতু থাকার কি গুণ! যে ব্যক্তি রুটিওয়ালার দোকানে থাকিয়া কর্মা শিখিয়া, উত্তর কালে ঐ ব্যব-সায় দারা জীবিকা নির্বাহ করিবেক বলিয়া স্থির হইয়াছিল, সেই ব্যক্তি বিশপের পদ প্রাপ্ত হইলেন।

লঙ্গোমণ্টেনস

এই ব্যক্তি ডেনমার্কের অন্তঃপাতী লক্ষসবর্গ থামে জন্মগ্রহণ করেন। ইঁহার পিতা প্রতি-দিন জন থাটিয়া সংসারযাত্রা নির্বাহ করি-ডেন; স্মৃতরাং, তাঁহার পুক্রদিগকে লেখা পড়া শিখাইবার ক্ষমতা ছিল না। লক্ষো-মন্টেনদের আট বৎসর ব্যুসের সময় পিতৃ-বিয়োগ হয়। স্মৃতরাং, তিনি নিতান্ত নিরা-গ্রায় হইয়া পড়িলেন। তাঁহার মাতৃল তাঁহাকে, লেখা পড়া শিখিবার নিমিক্ত নিতান্ত উৎস্কক দেখিয়া, এক বিদ্যালয়ে পাঠা- ইয়া দিলেন। তিনি তথায় অধ্যয়ন করিতে লাগিলেন।

লক্ষোমন্টেনসের আর কয়েক সহোদর ছিল। তাহারা লেখা পড়া শিখিতে পার নাই। এক্ষণে, তাঁহাকে বিদ্যালয়ে প্রবিষ্ট হইরা লেখা পড়া করিতে দেখিয়া, তাহাদের অত্যন্ত ঈর্ব্যা জন্মিল। আমরা লেখা পড়া শিখিতে পাইলাম না, ও কেন শিখিবে, এই হিংসাতে তাহারা তাহার উপর এত উৎপাত আরম্ভ করিল যে, তিনি বিরক্ত হইয়া দেশ-ত্যাগ করিয়া ফিন্লও প্রদেশের অন্তঃপাতী উইবর্গ নগরে গমন করিলেন।

কিছু দিন বিদ্যালয়ে থাকিয়া, তাঁহার ভাল করিয়া লেখা পড়া শিথিবার নিমিত্ত অতিশয় ইচ্ছা হইয়াছিল। এক্ষণে তিনি, এই স্থানে উপস্থিত হইয়া, লেখা পড়ার চেফা দেখিতে লাগিলেন। কিন্তু, কোন স্থায়েগ ঘটিয়া উঠিল না। অন্ততঃ, খাত্রয়া, পরা ও পুস্তকক্রয়ের সংস্থান না হইলে, লেখা পড়া চলিতে পারে না। আনক চেফা দেখিয়াও, তিনি এই সমুদরের সংস্থান করিয়া উঠিতে পারিলেন না; অবশেষে, অনেক ভাবিয়া এক বিদ্যা-লয়ে প্রবিষ্ট হইলেন। তিনি দিবাভাগে তথায় থাকিয়া অধ্যয়ন করিতেন; রাত্রিতে অন্য স্থানে কর্ম করিয়া, কিছু কিছু উপার্জ্জন করিতেন; তাহাতেই কট্টে আহারাদিনির্বাহ হইত।

ক্রমাগত এগার বংসর এইরপ কট পাইয়া, উইবর্গে থাকিয়া, তিনি আন্তরিক যত্ন সহকারে বিলক্ষণ লেখা পড়া শিখিলেন। কিছু দিন পরে, তিনি স্বদেশে প্রতিগমন করিলেন, এবং ডেনমার্কের রাজধানী কোপন-হেগন নগরে যে বিশ্ববিদ্যালয় ছিল, তথায় গণিতশাস্ত্রের অধ্যাপক নিযুক্ত হইলেন। তিনি স্ত্যুর দুই বংসর পূর্বে পর্যান্ত ঐ কর্ম করিয়াছিলেন। তদ্যতিরিক্ত, তিনি নানা বিষয়ে নানা এন্থ রচনা করিয়া গিয়াছেন।

দেখ! যে ব্যক্তির পিতা প্রতিদিন জন খাটিয়া কটে সংসার নির্বাহ করিতেন, সেই ব্যক্তি, অত্যন্ত কট পাইয়াও, আন্তরিক যত্ন সহকারে বিদ্যা উপার্জন করিয়া, বিশ্ববিদ্যা-লয়ের অধ্যাপক হইয়াছিলেন।

রেমস

ফুলান্সের অন্তর্বর্তী পিকার্ডি প্রদেশে রেমদের জন্ম হয়। রেমদের পিতা যার পর নাই দুঃখী ছিলেন। রেমদ বাল্যকালে মেষচারণকর্মে নিযুক্ত হইয়াছিলেন। কিছু দিনেই রাখালী কর্মে তাঁহার বিরক্তি জন্মিল, এবং বিদ্যাশিক্ষা করিবার নিমিত একান্ত অভিলাষ হইল। এখানে থাকিলে, রাখালীও ঘুটিবেক না এবং লেখা পড়াও শিখিতে পাইব না এই ভাবিয়া, তিনি, পিতার আলয় হইতে পলায়ন করিয়া, পারিস রাজধানীতে উপস্থিত হইলেন। এই সমুয়ে তাঁহার বয়স আটবৎসরমাত্র।

পারিসে উপস্থিত হইয়া, রেমস প্রথমতঃ কিছু দিন বিস্তর ক্লেশ পাইয়াছিলেন। তিনি ভাল করিয়া লেখা পড়া শিধিবার নিমিত, এত ব্যথ্য হইয়াছিলেন যে, অন্য কোন সুযোগ করিতে না পারিয়া, অবশেষে নেবা-রের বিদ্যালয়ে পরিচারকের কর্মে নিযুক্ত হই লেন; দিবসে যে অবসর পাইতেন তাহাতে. এবং রাত্রিতে, সবিশেষ পরিশ্রম করিয়া, অপপ দিনের মধ্যেই, বিলক্ষণ শিক্ষা করিলেন। এ পর্যান্ত, তিনি শিক্ষাবিষয়ে প্রায় কাহার সাহায্য পান নাই।

পরিশেষে, তিন বৎসর ছয় মাস রীতিমত উপদেশ পাইয়া, এবং স্বয়ং প্রাণপণে পরিশ্রম করিয়া, তিনি এক জন অদ্বিতীয় বিদ্বান্
ইইয়া উঠিলেন। বস্তুতঃ, তিনি এক জন
বিখ্যাত পণ্ডিত ও বিখ্যাত গ্রন্থকর্ত্তা ছিলেন,
এবং ন্যায়শাস্ত্রবিষয়ে হতন মত প্রচার করিয়া
গিয়াছেন। কিন্তু, লেখা পড়া বিষয়ে অত্যন্ত
ইচ্ছা ও আন্তরিক যত্ন না থাকিলে, তিনি
কথনই এরূপ হইতে পারিতেন না।